




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ


Daily Eai Amar Desh    e-paper.eaiamardesh.com    www.eaiamardesh.com








বুধবার    বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৬০ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ০৭ আষাঢ় ১৪৩০ ॥ ০২ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা    ২১ জুন ২০২৩

## বাংলাদেশের বিভিন্ন খাতে ভিয়েতনামকে বিনিয়োগের আহ্বান রাষ্ট্রপতির

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বাংলাদেশের বিভিন্ন খাতে বিনিয়োগ করতে ভিয়েতনামের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বাংলাদেশে নবনিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত নগুয়েন মান চুয়ং গতকাল বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে তার পরিচয়পত্র পেশ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান।

পরে রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদিন সাংবাদিকদের ব্রিফ করেন। এরআগে ভিয়েতনামের নতুন রাষ্ট্রদূত বঙ্গভবনে পৌঁছলে তাকে স্বাগত জানান রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। ভিয়েতনামের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উল্লেখ করে রাষ্ট্রপ্রধান বলেন, দু'দেশের সম্পর্কের ক্ষেত্রে এটি একটি মাইল

২-এর পাতায় দেখুন

## নির্বাচনে ভারত কখনো হস্তক্ষেপ করেছে, জানা নেই

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের কোনো জাতীয় সংসদ নির্বাচনে ভারত হস্তক্ষেপ করেছে কি না, এমন তথ্য জানা নেই বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, বাংলাদেশে অবাধ ও সুষ্ঠু নির্বাচন হচ্ছে কি না, তা-ও কখনো ভারত জানতে

২-এর পাতায় দেখুন



## ফসল উৎপাদনের সাফল্য আজ বিশ্ব স্বীকৃত

**নিজস্ব প্রতিবেদক :** কৃষিমন্ত্রী ড. মো. আবদুর রাজ্জাক বলেছেন, উৎপাদনে বাংলাদেশের সাফল্য আজ বিশ্বস্বীকৃত। বিভিন্ন ফসল উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বের শীর্ষ দশ দেশের তালিকায় উঠে এসেছে। গতকাল মঙ্গলবার

২-এর পাতায় দেখুন



## দেশে ভিন্নমত পোষণের সুযোগ নেই, ভয়াবহ অবস্থা

**নিজস্ব প্রতিবেদক :** দেশে ভিন্নমত পোষণের সুযোগ নেই অভিযোগ করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, 'বিএনপির সহস্রাধিক নেতাকর্মীকে বিচারবহির্ভূতভাবে হত্যা করা হয়েছে। ছয় শতাধিক নেতাকর্মীকে

২-এর পাতায় দেখুন



# বাংলাদেশের শান্তিরক্ষা মিশন নিয়ে বিরোধী দলের প্রশ্নবিদ্ধ ভূমিকা

**নিজস্ব প্রতিবেদক :** একটি বিষয় বেশ কিছুদিন ধরে মনকে খুব পীড়া দিচ্ছে। বিষয়টি জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে বাংলাদেশ সেনাবাহিনীর অংশগ্রহণ বিষয়ক অব্যাহত নেতিবাচক প্রচারণা। বিরোধী দল সর্বপ্রথম বিষয়টিকে উপস্থাপন করে এবং অতঃপর দেশের প্রতিক্রিয়াশীল বুদ্ধিজীবী চক্র তা লুফে নেয়। বারবার বিরোধী রাজনৈতিক ব্যক্তিবর্গ ও সমমনা বুদ্ধিজীবীগণ বুঝে হোক, না বুঝে হোক ক্রমাগত এ ব্যাপারে লাগামহীন বক্তব্য দিয়েছেন এবং এখনও দিয়ে যাচ্ছেন। তারা ক্ষুরধার যুক্তিতর্ক উপস্থাপন করছেন, কেন জাতিসংঘে বাংলাদেশ থেকে শান্তিরক্ষী বাহিনী নিযুক্ত করা উচিত নয়। তীক্ষ্ণ খঞ্জরসম এসব যুক্তিতে জাতিসংঘ বিচলিত হচ্ছে কিনা জানা নেই; তবে সাধারণ মানুষ হিসেবে আমরা রক্তাক্ত হচ্ছি প্রতিনিয়ত।



এখানেই ক্ষান্ত হননি তারা। তাদের এ প্রক্রিয়ার সাথে যুক্ত করেছেন বিশ্ব মোড়ল আমেরিকার কংগ্রেসের ০৬ জন কংগ্রেসম্যানকে। তারা দাবি তুললেন, জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী থেকে বাংলাদেশকে বাদ দেয়ার বিষয়টি বিবেচনা করতে হবে। পৃথিবীর এতো এতো ইস্যু থাকতে

২-এর পাতায় দেখুন

# মূল্যস্ফীতি কমানোর পাশাপাশি কৃষি উৎপাদন বাড়নোর নির্দেশনা প্রধানমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মূল্যস্ফীতি মানুষকে কষ্ট দিচ্ছে। এটা কমানোর চেষ্টা করতে হবে। তৃণমূলে সেচ কাজে সোলার ব্যবহার ছড়িয়ে দিতে হবে। পাশাপাশি কৃষি উৎপাদন বাড়ানোর নির্দেশনা দিয়েছেন তিনি। গতকাল মঙ্গলবার একনেক সভায় এ নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। শেরে বাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভা শেষে সাংবাদিকদের কাছে এ তথ্য তুলে ধরেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। প্রধানমন্ত্রী বলেছেন, মূল্যস্ফীতি মানুষকে কষ্ট দিচ্ছে। এটা কমানোর চেষ্টা করতে হবে। তৃণমূলে



সেচ কাজে সোলার ব্যবহার ছড়িয়ে দিতে হবে। সোলারের খুঁটির উচ্চতা বাড়াতে বলেছেন। এতে করে খুঁটির নিচেও ফসল হবে। পাশাপাশি কৃষি উৎপাদন বাড়াতে হবে। হাওরে কিছু সেড বানানো যায় কিনা সেই চেষ্টা করতে হবে এবং সরকারি কাজে জমির ব্যবহার কমানোর নির্দেশনাও দিয়েছেন প্রধানমন্ত্রী। পরিকল্পনামন্ত্রী আরও জানান, এদিন একটি আশ্রয়ণ প্রকল্প পাস হয়েছে, আমরা গৃহহীন মানুষের গৃহের ব্যবস্থা করছি, এতে করে দারিদ্র্য কমে আসবে, এসব প্রকল্প আমরা অগ্রাধিকার দিচ্ছি। তিনি আরও বলেন,

২-এর পাতায় দেখুন

## আব্দুল হাই এমপি'র বড় ভাবি'র ইন্তেকাল, শোক প্রকাশ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই এমপি'র বড় ভাবি ছালেহা খাতুন ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি..রাজেউন)। মঙ্গলবার সন্ধ্যায় সাড়ে ৭ টায় নিজ বাড়ি শৈলকুপা উপজেলার মহম্মদপুর গ্রামের ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮৮ বছর। তিনি ৩ ছেলে ৩ মেয়েসহ গুণগ্রাহী রেখে গেছেন। ছালেহা খাতুন মৃত সিরাজ উদ্দিন মোল্লার স্ত্রী ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার মুক্তার হোসেনর মাতা।

ছালেহা খাতুনের মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করেছেন জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ। তারা তার

২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহ কলেজ ছাত্রলীগের কর্মীসভা অনুষ্ঠিত




**নিজস্ব প্রতিবেদক :** ছাত্রলীগের নেতাকর্মীদের আরও সংগঠিত ও সংগঠনের কার্যক্রম গতিশীল করতে বাংলাদেশ ছাত্রলীগ ঝিনাইদহ কলেজ শাখার কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে কলেজ মিলনায়তনে এ কর্মীসভার আয়োজন করে কলেজ ছাত্রলীগ। কলেজ ছাত্রলীগের সভাপতি আল আমিন নিলয়'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেন। প্রধান বক্তা ছিলেন জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল-ইমরান। অনুষ্ঠান পরিচালনা করেন কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক রিফাতুজ্জামান রিফাত। কর্মী সভায় আগামী দিনে ছাত্রলীগের

২-এর পাতায় দেখুন

## সাংবাদিক মারধরে জড়িতদের বিরুদ্ধে মামলা করা হবে

### -- চবি উপাচার্য

**নিজস্ব প্রতিবেদক :** সাংবাদিক দোস্ত মোহাম্মদের উপর হামলার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে মামলা ও স্থায়ী বহিষ্কারের আশ্বাস দিয়েছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) উপাচার্য অধ্যাপক ড. শিরীণ আখতার। গতকাল মঙ্গলবার দুপুরে চবির প্রশাসনিক ভবনের সামনে প্রতিবাদী মানববন্ধন শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এ কথা বলেন তিনি। এর আগে দুপুর ১টা থেকে চবির বঙ্গবন্ধু চত্ত্বরের সামনে মানববন্ধন করে চবি সাংবাদিক সমিতি। সংগঠনের প্রচার, প্রকাশনা ও দপ্তর সম্পাদক মোহাম্মদ আজহারের সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য দেন চবিসাসের সাবেক সভাপতি সৈয়দ বাইজিদ

২-এর পাতায় দেখুন

## মহেশপুরে একতা ক্লিনিকে আবারও অপচিকিৎসায় নবজাতকের মৃত্যু

**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুর উপজেলার নেপা ইউনিয়নের নেপা মোড় নামক স্থানে বেসরকারী একতা ক্লিনিকে আবারও অপচিকিৎসায় এক নবজাতকের মৃত্যু হয়েছে।

গত শুক্রবার ঝিটকিপোতা বেলেপাড়া গ্রামের আমজাদ মিস্ত্রির অন্তঃসত্তা কন্যা নাসরিন আক্তারের পেটে ব্যাথা শুরু হলে চিকিৎসার জন্য নেপামোড়ে আসলে বেসরকারী একতা ক্লিনিক মালিক রাসেল তাকে ফুসলিয়ে ক্লিনিকে নিয়ে ভর্তি করান। কোন ডাক্তার ছাড়াই নাসরিনকে আল্ট্রাসোনো করে এবং তার অভিভাবকদের বলে দ্রুত সিজার করতে হবে না হলে রুগিকে বাঁচানো যাবেনা।

এভাবেই ভয় ভীতি দেখিয়ে কোনো এনেস্থিসিয়া ডাক্তার ছাড়াই মহেশপুরে নিষিদ্ধ ডাক্তার সোহেল রানাকে দিয়ে সিজার করানো হয়। সিজার করার পরে জানতে পারে বাচ্চা অপুষ্ট। পরে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসার জন্য পাঠালে পথের মধ্যে নবজাতকের করুন মৃত্যু হয়। বেসরকারী একতা ক্লিনিকের মালিক রাসেল জানান কাগজ ছাড়া ক্লিনিক চালাই পরিবার পরিকল্পনা কর্মকর্তা আমার পকেটে। আপনারা যা পারেন তাই লেখেন,তাতে আমার কিছু যাই আসে না। ক্লিনিক চালাতে হলুদ খাম থাকলে আর কিছুই লাগেনা। ক্লিনিক মালিক রাসেল আরো

২-এর পাতায় দেখুন

## একনেকে ১৬টি প্রকল্প অনুমোদন

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ২৪ হাজার ৩৬২ কোটি ১৪ লাখ টাকা ব্যয় সম্বলিত ১৬টি প্রকল্প অনুমোদন দিয়েছে। এর মধ্যে সরকারি অর্থায়ন ১২ হাজার ৮৭৩ কোটি ১১ লাখ টাকা, বৈদেশিক অর্থায়ন ১১ হাজার ৪৭২ কোটি ৮৮ লাখ টাকা ও সংস্থার নিজস্ব অর্থায়ন ১৬ কোটি ১৫ লাখ টাকা। গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এসব প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। শেরে বাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভা শেষে সাংবাদিকদের কাছে এসব তথ্য তুলে ধরেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। মন্ত্রী এম এ মান্নান বলেন, আজ

২-এর পাতায় দেখুন

# মহেশপুরে টেন্ডার ছাড়াই কাটা হচ্ছে সরকারী স্কুলের গাছ

**মো ঃ আজাদ : মহেশপুরে** ভবন নির্মানের অযুহাত দেখিয়ে শিক্ষা কর্মকর্তার নির্দেশে **টেন্ডার ছাড়াই কাটা হচ্ছে** জুকা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অর্ধ লক্ষ টাকা মূল্যের **১টি মেহগুনী গাছ**। এক দিকে প্রধানমন্ত্রী বিভিন্ন অনুষ্ঠানে বলে আসছেন বেশী বেশী গাছ লাগানোর জন্য অন্য দিকে সরকারের অসাধু কিছু কর্মকর্তারা নিজের পকেট ভরতে এভাবেই সরকারী গাছ গুলো কেটে সাবাড় করে দেওয়া হচ্ছে।



ঝিনাইদহের মহেশপুর উপজেলার জুকা সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্তর থেকে শিশু ছাত্র-ছাত্রীদেরকে ছায়া দিয়ে আসছিলো সেই প্রায় ৫৫ হাজার টাকা মুল্যের পুরাতন মেহেগুনি গাছটি মঙ্গলবার সকাল থেকে কাটা শুরু হয়েছে।

জুকা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেজাউল হক জানান, গাছটি আমরা কাটার পক্ষে ছিলামনা,কিন্তু উপজেলা শিক্ষা অফিসারের নির্দেশে কাটতে হচ্ছে। তিনি আমাদেরকে চিঠি দিয়ে বলেছেন গাছটি কাটার জন্য। তাই

২-এর পাতায় দেখুন




## মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে ঝিনাইদহে সংবাদ সম্মেলন

**নিজস্ব প্রতিবেদক :** মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে ঝিনাইদহে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনাতায়নে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে বাংলাদেশ শিক্ষক সমিতি ঝিনাইদহ জেলা শাখা।এতে বাংলাদেশ

২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহে খাদ্য অধিকার ও কৃষি খাদ্য ব্যবস্থার দাবীতে মানববন্ধন

**নিজস্ব প্রতিবেদক :** খাদ্য অধিকার ও কৃষি খাদ্য ব্যবস্থার দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে এ কর্মসূচীর আয়োজন করে খাদ্য অধিকার বাংলাদেশ।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির জেলা কমিটির নেতাকর্মী ছাড়াও নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সংগঠনটির জেলা শাখার




সভাপতি খোন্দকার হাফিজ ফারুক, সহ-সভাপতি আমিনুর রহমান টুকু, সাংগঠনিক সম্পাদক শরীফা খাতুন, সদস্য হাবিবুর রহমান, এইড ফাউন্ডেশনের প্রকল্প সমন্বয়কারী নায়ের হাসান সোহাগসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, প্রত্যেকটি মানুষের নিরাপদ, পুষ্টিকর খাদ্য অধিকার নিশ্চিত, দ্রব্য মূল্যের বাজার নিয়ন্ত্রণে মূল্য কমিশন গঠন, কৃষকের

২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে পানিতে ডুবে শিশুর মৃত্যু



নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার সুন্দরপুর গ্রামে নানা বাড়ি বেড়াতে এসে পুকুরের পানিতে ডুবে জিসান হোসেন (৯) নামে এক শিশুর মৃত্যু হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে এ ঘটনা ঘটে। মৃত শিশু জিসান হোসেন যশোর সদর উপজেলার বা-নয়াড়ী গ্রামের প্রবাসী বাবু হোসেনের ছেলে।

স্থানীয়রা জানায়, কয়েকদিন আগে মায়ের সাথে নানা বাড়ি উপজেলার সুন্দরপুর গ্রামে আসে শিশু জিসান। মঙ্গলবার সকালে ৩ জন বিভিন্ন গাছ থেকে জাম সংগ্রহ করে। এরপর জাম খেয়ে তারা একটি পুকুরে গোসল করতে নামে। এরমধ্যে শিশু জিসান পানিতে

২-এর পাতায় দেখুন

# গাংনীতে খাস জমি নিয়ে সংঘর্ষ নারীসহ ৯ জন আহত

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী উপজেলার ঢেপা গ্রামে সরকারি রাস্তার খাস জমি দখলে নিতে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ মোট ৯ জন আহত হয়েছে। মঙ্গলবার সকাল ১০টার সময় ঢেপা ভোগ পাড়ায় সংঘর্ষের ঘটনা ঘটে।



আহতরা হলেন, হাফিজুল ইসলামের স্ত্রী আনজিরা খাতুন (৩৫) আজিজুলের স্ত্রী রুপালী খাতুন (৪২) আব্দুর রহমানের ছেলে আজিজুল ইসলাম (৪৫) আব্দুল গণির ছেলে হাফিজুল ইসলাম (৩৫), মসলেমের ছেলে তৌহিদুল ইসলাম (৩৮), আসলামের ছেলে দেলোয়ার হোসেন (৩০) এবং অপর পক্ষের এলাহী বকসের ছেলে সাহাবুদ্দিন, সাহাবুদ্দিনের ছেলে রাসেল ও আশাদুলের ছেলে জুয়েল

২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh    e-paper.eaiamardesh.com    www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।


# শৈলকুপায় অবৈধ কারেন্ট জাল আটক করে আগুনে পুড়িয়েছে ভ্রাম্যমাণ আদালত

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহে শৈলকুপা উপজেলার কুমার নদের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে অবৈধ কারেন্ট জাল আটক করে আগুনে পুড়িয়ে ধ্বংস করেছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার সকাল সাড়ে ৭ টার দিকে উপজেলার কুমার নদের ভান্ডারী পাড়া, মনোহরপুর, কবিরপুর, রয়েড়া ও অংশে এ অভিযান চালানো হয়। অবৈধ কারেন্ট জাল ফেলে জেলেরা পালিয়ে যায়।



পরে ভ্রাম্যমাণ আদালতের নির্দেশে জব্দ করা ওই জাল সবার সামনে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। ৯০ মিটার অবৈধ কারেন্ট জালের বাজারমূল্য প্রায় ৩ টাকা বলে জানা গেছে। ভ্রাম্যমাণ আদালতের নেতৃত্বে ছিলেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ বনি আমিন। এসময় উপজেলা মৎস্য কর্মকর্তা ফারুক হাওলাদার উপস্থিত ছিলেন। উপজেলা

২-এর পাতায় দেখুন




## ঝিনাইদহে দেড় লক্ষ গাছের চারা বিতরণ

**নিজস্ব প্রতিবেদক :** 'গাছ লাগান পরিবেশ বাঁচান' এই শ্লোগানে দেশ ব্যপি গ্রামীণ ব্যাংকের বৃক্ষ রোপণের অংশ হিসেবে ঝিনাইদহে গ্রামীন ব্যাংকের এরিয়ায় ১১ টি শাখার মাধ্যমে সদস্যদের মাঝে দেড় লক্ষ গাছের চারা বিতরণ করা হয়েছে। মঙ্গলবার

২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
বুধবার ২১ জুন ২০২৩

# কোরবানির ঈদকে সামনে রেখে পশু খামারিরা ব্যস্ত সময় পার করছেন



**জসীম উদ্দীন, বেনাপোল :** আর মাত্র কয়েক দিন পর অনুষ্ঠিত হবে মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় উৎসব ঈদুল আযহা। ঈদুল আযহা কে সামনে রেখে যশোরের শার্শার বাণিজ্যিক খামারি ও পারিবারিক প্রান্তিক পশু লালন-পালনকারিরা কোরবানির বাজার ধরতে এখন শেষ মূহুর্তে পশু পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন। উপজেলায় চলতি বছর স্থানীয় চাহিদার তুলনায় বেশি কোরবানির পশু প্রস্তুত আছে বলে জানিয়েছেন উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ।

উপজেলা প্রানী সম্পদ কার্যালয় সূত্রে জানা যায়, এ বছর উপজেলায় কোরবানি জন্য ৯ হাজার ৮৭৩ টি পশু প্রস্তুত করা হয়েছে। হিসাব চলমান থাকায় সংখ্যা আরো বাড়বে বলে জানা যায়। তবে প্রাপ্ত তথ্য মতে কোরবানির পশুর মধ্যে ষাঁড়, বলদ ও গাভি মিলে ৩ হাজার ৩৯৬ টি, মহিষ ৩ টা, ছাগল ৬ হাজার ৩৫০ টি এবং ভেড়া রয়েছে ১২৪ টি। এর মধ্যে ১২ জন বাণিজ্যিক খামারির খামারে প্রস্তুত করেছেন ১হাজার ৩শত গরু।

বাকি বিভিন্ন ধরনের পশু গুলি পারিবারিক ভাবে ২-১০ টি পর্যন্ত প্রান্তিক লালন-পালনকারিরা প্রস্তুত করেছেন। চলতি বছর উপজেলায় কোরবানি পশুর চাহিদা রয়েছে ৯ হাজার ১২০ টি। চাহিদার থেকে প্রস্তুতকৃত তুলনায় ৭৫৩ টি কোরবানির পশু উদ্বৃত্ত হিসাবে থাকছে।

বাণিজ্যিক খামার ব্যবসায়ি উপজেলার পুটখালী ইউনিয়নের সিয়াম ২-এর পাতায় দেখুন



## হাজী মোহাম্মদ শামসুল হুদা শিশির ॥ সমাজ চিন্তার আলোক ছড়িয়ে চলেছেন দীর্ঘদিন

**মেহেরপুর প্রতিনিধিঃ** বিনয়ী ভাবনা আর সভ্যতা ছড়িয়ে থাকে পরিবার ও সমাজের স্রোত ধারায় কিছু মানুষ, কেউ ব্যক্তি জীবনে ভালো কাজের সাথে সম্পৃক্ত থেকে সমাজের উন্নয়নে কাজ করে চলেন আজন্মকাল। ধর্মভীরতা কতটা যে মানুষকে নেককার হিসাবে আল্লাহ তাআলা পরিচালিত করে তারই কিছুটা উদাহরণ সমাজের কেউ কেউ হয়ে যান। মেহেরপুর সদর আমঝুপি ইউনিয়নের সবার প্রিয় ও পরিচিতি মানুষ হাজী মোহাম্মদ শামসুল হুদা শিশির দিন প্রচারের আহ্বানে যেমন কোরআন শিক্ষা প্রতিষ্ঠান চালিয়ে যাচ্ছেন, অন্যদিকে সমাজের ভাবনা বুকে পুষে মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছেন দীর্ঘদিন থেকে। তিনি ২০০৫ সালে প্রতিষ্ঠা কালীন থেকেই আমঝুপি নূরানী হাফিজিয়া মাদ্রাসার সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করে চলেছেন।

বর্তমানে মাদ্রাসাটিতে ২৫০ জন শিক্ষার্থী ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে আখের ফলন বৃদ্ধির লক্ষে শীর্ষক খামার দিবস পালিত



**বাদশা ফরহাদ,কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জে আধুনিক প্রযুক্তিতে আখের একর প্রতি ফলন বৃদ্ধি ও গুনগত মানসম্পন্ন আখ উৎপাদনের লক্ষে উন্নত কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনা বিষয়ক খামার দিবস-২০২৩ পালিত হয়েছে। মোবারকগঞ্জ সুগার মিলের কৃষি বিভাগের আয়োজনে মঙ্গলবার (২০ জুন) সকালে উপজেলার নওদাপাড়া গ্রামের মাঠে এ খামার দিবস পালিত হয়।

মোবারকগঞ্জ সুগার মিলের ব্যবস্থাপনা পরিচালক মুহাম্মদ সাইফুল ইসলামের ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুর বজ্রপাতে যুবকের মৃত্যু



**আবুল হাসান, কোটচাঁদপুর :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের দয়রাম গ্রামে বজ্রপাতে এক যুবকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার দুপুরে ধান লাগানোর জন্য জমিতে পানি দিচ্ছিলেন সাজিদ (৩৫)নামেএক যুবক। মৃত সাজিদ দয়ারাম-পুর গ্রামের দোড়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাসের মেজে ছেলে।

স্থানীয়রা জানান, হটাৎ আকাশে মেঘ হয়ে বৃষ্টি শুরু হলে বজ্রপাতে সাজিদ আহত হয়। প্রতিবেশীরা কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়ার পথে মৃত্যু বরণ করে। মৃত সাজিদের তিন কন্যা সন্তানের জনক ছিলেন। সাজিদের অকালমৃত্যুতে এলাকা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

## মহেশপুরে বাওড়ের পানিতে যুবকের মৃত্যু

**এম.মাসুম আজাদ :** ঝিনাইদহ মহেশপুর উপজেলার বজরাপুর কাগমারি বাওড়ের পানিতে ডুবে আসিফ নামের যুবকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার বিকেলে এ ঘটনা ঘটে। মৃত আসিফ মহেশপুর উপজেলার বজরাপুর গ্রামের আলতাফ হোসেনের ছেলে।

স্থানীয়রা জানায়, আসিফ ঢাকা থেকে ভর্তি পরীক্ষা দিয়ে বাড়িতে এসেছিলো। দুপুরে বৃষ্টির সময় স্থানীয় বন্ধুদের সাথে কাগমারি বাওড়ে গোসল করতে যায়। এরপা থেকে ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গা পৌরসভায় সাপ্লাই পানি সরবরাহের উদ্বোধন

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গা পৌরসভায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর উদ্যোগে পৌরসভার জনগণের সেবার লক্ষে আলমডাঙ্গা পৌরসভার পানি সাপ্লাই এর উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার সকাল ১১ টায় আলমডাঙ্গা পৌরসভার ৮নং ওয়ার্ডের নওদাবন্ডবিল গ্রামের পানি সাপ্লাই এর উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ১০ কোটি ৭২ লক্ষ টাকা বায়ে ৪১ হাজার ১৭৭ মিটার পাইপ লাইনের স্থাপনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি আলমডাঙ্গার পৌর মেয়র আলহাজ্ব হাসান কাদির গনু বলেন, দীর্ঘদিন পৌর নাগরিকদের পানির সমস্যা দূর করতে পানি সাপ্লাইয়ের উদ্বোধন করা হলো। স্বল্প ২-এর পাতায় দেখুন

## কোরবানির গরু ও মাংস আমদানির নির্দেশনা চেয়ে রিট

**নিজস্ব প্রতিবেদক :** কোরবানির গরু ও মাংস সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে আনতে জীবন্ত গরু ও মাংস আমদানির নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। গতকাল মঙ্গলবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান রিটটি করেছেন। রিটে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব ও টিসিবির চেয়ারম্যানকে বিবাদী করা হয়েছে। রিটকারী আইনজীবী বলেন, গরুর মাংস বাংলাদেশর সংখ্যাগরিষ্ঠ মানুষের অন্যতম প্রধান খাদ্য। কিন্তু বাজারে গরুর মাংসের দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে এবং ৭৫০ থেকে ৮৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এ ছাড়া প্রতিনিয়ত দাম বাড়ছে। গরুর মাংস এরইমধ্যে ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় সাংবাদিক গোলাম রব্বানী নাদিম হত্যার প্রতিবাদে মানববন্ধন




**রাসেল আহাম্মেদ,দামুড়হুদা :** জামালপুরের বকশীগঞ্জ উপজেলার সাংবাদিক গোলাম রব্বানী নাদিম হত্যার প্রতিবাদে চুয়াডাঙ্গার দামুড়হুদায় দামুড়হুদা প্রেসক্লাবের কর্মরত সাংবাদিকদের উদ্যোগে প্রতিবাদ সভা ও মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। আজ মঙ্গলবার (২০ জুন) সকাল ১০টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো,হাবিবুর রহমান, যুগ্নসম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, সাবেক অর্থ সম্পাদক শমসের আলি,সালাউদ্দীন,মেহেদি হাসান মিলন প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন, তাছির আহাম্মেদ,শরিফ উদ্দীন,সাজিদ হাসান সোহাগ,এস এম সুজন, রাসেল আহাম্মেদ, শাহাজালাল বাবু,ফজলুর রহান,আতিয়ার রহমানসহ ক্লাবের সদস্য বৃন্দু। এরপর বেলা সাড়ে ১০টার দিকেউপজেলা চৌরাস্তার মোড়ে সাংবাদিকরা মানববন্ধন কর্মসূচি পালন করেন।

এসময় তারা সাংবাদিক নাদিম হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ২-এর পাতায় দেখুন



## মহেশপুরে গ্রামীণ ব্যাংকের উদ্যোগে নারীদের মাঝে গাছের চারা বিতরণ

মহেশপুর প্রতিনিধি : দেশব্যাপী বৃক্ষরোপন কর্মসূচীর অংশ হিসেবে মঙ্গলবার দুপুরে ঝিনাইদহের মহেশপুর গ্রামীণ ব্যাংকের উদ্যোগে ১২টি ইউনিয়ন ও পৌর এলাকার ৩০ হাজার নারীদের মাঝে বিভিন্ন জাতের গাছের চারা বিতরণ করা হয়েছে।মঙ্গলবার দুপুরে মহেশপুর গ্রামীন ব্যাংকের শাখা অফিসে ব্যাংকের ব্যবস্থাপক এ কে এম আজহারুল হক চারা বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন ব্যাংকের সেকেন্ড অফিসার মনোয়ারুল হক,ফিল্ড অফিসার মামুনুল রশিদ,খলিল হোসেন,মুকুল হোসেন,নিগারিন সুলতানা প্রমুখ।

## কোটচাঁদপুরে অবৈধভাবে মাটি কাটায় ভেকু জব্দ, এক লক্ষ টাকা জরিমানা



**কোটচাঁদপুর প্রতিনিধি :** ঝিনাইদহে কোটচাঁদপুরে অবৈধভাবে কৃষি জমি থেকে মাটি কাটায় জব্দ করা হয়েছে ভেকু মেশিন। সেই সাথে জরিমানা আদায় করা হয়েছে নগদ ১ লক্ষ টাকা। মঙ্গলবার সকালে উপজেলার বলুহর ইউনিয়নে মরুটিয়া গ্রামের মাঠে অভিযান চালায়ি নগদ অর্থ জরিমানা আদায় করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্টেট নিরুপমা রায়।

জানা যায়, কৃষি জমি থেকে উপজেলা প্রশাসনে অনুমতি বিহীন মাটি কেটে বিক্রি করার অপরাধে মরুটিয়া গ্রামের মৃত আব্দুর সাত্তার বিশ্বাসের ছেলে তক্কেল বিশ্বাস (৬২) কে নগদ এক লক্ষ টাকা জরিমানা করা হয়। এদিকে অভিযানের খবরে ভেকু ফেলে পালিয়ে যান ভেকু ড্রাইভার। পরে সহকারী কমিশনার (ভূমি)ভেকুর ব্যাটারি জব্দ করেন। ভেকুটি জিম্মায় দিয়ে আসেন ওই ওয়ার্ডের ইউপি সদস্য ফারুক হোসেনের কাছে।

এসময় উপস্থিত ছিলেন, সহকারী ইউনিয়ন ভূমি কর্মকর্তা আব্দুর রশীদ, অফিস সহায়ক মাহফিজুর রহমান ডাবলু, কোটচাঁদপুর মডেল থানার উপ-পরিদর্শক ইউনুস আলীসহ থানা পুলিশের একটি চৌকস দল অভিযানে উপস্থিত ছিলেন।




## সাংবাদিক হত্যাকারীদের শাস্তির দাবিতে গাংনীতে মানববন্ধন

**গাংনী প্রতিনিধি :** সাংবাদিক গোলাম রব্বানী নাদিম হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল সাড়ে ৪টার দিকে গাংনী উপজেলা শহরের কাথুলী মোড়ে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনের আয়োজন করে জাতীয় সাংবাদিক সংস্থার গাংনী উপজেলা শাখা। মানববন্ধনে নেতৃত্ব প্রদান করেন সমাজ সেবক ও মানবাধিকার কর্মী রফিকুল ইসলাম পথিক। এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সাংবাদিক সংস্থার সভাপতি আনায়োর হোসেন ও সাধারণ সম্পাদক রফিকুল ইসলামসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ। মানববন্ধন শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তারা বলেন, সাংবাদিক গোলাম রব্বানী নাদিম হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও সারাদেশে সাংবাদিকদের উপর হয়রানিমূলক মামলা ও নির্যাতন বন্ধ করতে হবে।

## চুয়াডাঙ্গায় তারাদেবী ফাউন্ডেশনের উদ্যোগ ছাতা বিতরণ করলেন দিলীপ কুমার আগরওয়ালা




**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা জেলায় চলমান তাপদাহ ও আগত বর্ষায় সাধারণ মানুষের স্বস্তির লক্ষ্যে তারা দেবী ফাউন্ডেশনের উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে সাধারণ জনগণের মাঝে ছাতা বিতরণ করা হয়েছে। পরে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার বিকালে আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়নের খাসকররা ডিগ্রী কলেজ মাঠে ছাতা বিতরণ অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে খাসকররা ইউনিয়ন আওয়ামী লীগের নেতা আনোয়ার হোসেন আনোয়ারের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যবিষয়ক উপ-কমিটির সদস্য, এফবিসিসিআই-এর পরিচালক, বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)-এর সাধারণ সম্পাদক, তারাদেবী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান এবং ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক চুয়াডাঙ্গার কৃতী সন্তান দিলীপ কুমার আগরওয়ালা।

অনুষ্ঠানকে কেন্দ্র করে খাসকররা ডিগ্রি কলেজ মাঠে হাজার হাজার সাধারন মানুষের ঢল নামে। হাজার হাজার সাধারন মানুষের মুখে দেখা মেলে সস্তির হাসির ও ইউনিয়ন জুড়ে দেখা মেলে এক উৎসবের আমেজ।




সম্পাদকমন্ডলীর সভাপতি : *আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)* সম্পাদক ও প্রকাশক : *আলী কদর পলাশ*, ভারপ্রাপ্ত সম্পাদক : *তানভীর হাসান (জিসান হাই)*,ব্যবস্থাপনা সম্পাদক : *আশরাফুল আলম চঞ্চল*, নির্বাহী সম্পাদক : *তুহিন আরণ্য*
*সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ* কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। *ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।* । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ *বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮*




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# ভুল চিকিৎসায় মৃত্যু আর কত?

সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। দেশে ভুল চিকিৎসায় মৃত্যুর ঘটনা নতুন নয়। ভুল চিকিৎসায় কতজনের মৃত্যু ঘটছে এর সুনির্দিষ্ট কোনো তথ্য নেই। বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদন অনুযায়ী, বৈশ্বিক মৃত্যু ও প্রতিবন্ধিতার প্রধান ১০টি কারণের অন্যতম অনিরাপদ চিকিৎসাসেবা। প্রতি বছর নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলোতে ভুল চিকিৎসায় ১ কোটি ৩৪ লাখ দুর্ঘটনা ঘটে। এতে ২৬ লাখ মানুষের মৃত্যু হয়। এই পরিসংখ্যান উদ্বেগজনক। অবহেলা ও ভুল চিকিৎসায় দেশে মৃতের সংখ্যা বেড়েই চলেছে। সর্বশেষ রাজধানীর গ্রিন রোডে সেন্ট্রাল হাসপাতালে ভুল চিকিৎসায় নবজাতক মারা যাওয়ার সাত দিন পর গত রবিবার মারা যান মা মাহবুবা রহমান আঁখি। কুমিল্লার তিতাস উপজেলা থেকে অন্তঃসত্ত্বা আঁখিকে গত ৯ জুন সেন্ট্রাল হাসপাতালে ভর্তি করা হয়। তাকে যে ডাক্তারের অধীনে ভর্তি করা হয় তিনি তখন দেশের বাইরে ছিলেন। এ বিষয়ে রোগী ও স্বজনদের মিথ্যা তথ্য জানায় হাসপাতাল কর্তৃপক্ষ। অন্য চিকিৎসকরা তার স্বাভাবিক প্রসব করাতে ব্যর্থ হয়ে অস্ত্রোপচার করেন। পরে নবজাতকের মৃত্যু হয়। সংকটাপন্ন অবস্থায় আঁখিকে ল্যাবএইড হাসপাতালে নিয়ে চিকিৎসা চলতে থাকে। সেখানে গত রবিবার তার মৃত্যু হয়। ইতোমধ্যে সেন্ট্রাল হাসপাতালে সব ধরনের অস্ত্রোপচার বন্ধসহ সংশ্লিষ্ট চিকিৎসকদের শাস্তির আওতায় নিয়ে আসা হলেও হাসপাতাল বন্ধের বিষয়ে তদন্তসাপেক্ষে সিদ্ধান্ত নেয়া হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার জরুরি বলে মনে করি। আমাদের দেশে স্বাস্থ্যসেবার ব্যাপ্তি যেমন বেড়েছে, তেমনি চিকিৎসায় জনগণের খরচ বেড়েছে। মানুষের মৌলিক অধিকারের মধ্যে অন্যতম একটি হলো স্বাস্থ্যসেবা। গ্রামের চিকিৎসাকেন্দ্রসহ শহরের বড় হাসপাতালগুলোও চিকিৎসকসহ নানা রকম সংকট ও অনিয়ম-অব্যবস্থাপনায় আক্রান্ত। মানুষ প্রতিনিয়তই বঞ্চিত হচ্ছে কাঙ্ক্ষিত চিকিৎসাসেবা থেকে। প্রতিষ্ঠানগুলোতে যে লোকবল নিয়োজিত আছে, কর্মস্থলে তাদের যথাযথ দায়িত্ব পালন নিশ্চিত হচ্ছে না। কোনো চিকিৎসকের বা স্বাস্থ্যসেবাবিষয়ক প্রতিষ্ঠানের অবহেলার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল ও ক্লিনিক শাখা এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) কাছে অভিযোগ জানানোর সুযোগ রয়েছে। তবে এ বিষয়টি জানা নেই অনেকের, নেই সচেতনতা। দুঃখজনক বাস্তবতা হলো যারা অভিযোগ করেন, বিচারের আশায় তাদের কেটে যায় দীর্ঘ সময়। বিএমডিসিতে এ বিষয়ে অভিযোগের তালিকা দীর্ঘ হলেও নিষ্পত্তির ক্ষেত্রে দেখা যায় ধীরগতি। চিকিৎসায় অবহেলাকে আইনি কাঠামোর আওতায় আনার জন্য একটি পূর্ণাঙ্গ ও স্বতন্ত্র আইনের প্রয়োজন। চিকিৎসকের অবহেলায় মৃত্যুর অভিযোগেও সর্বোচ্চ শাস্তির নজির নেই। বিশেষজ্ঞদের মতে, সঠিক রোগ নির্ণয় ও দক্ষতার অভাবেই সাধারণত ভুল চিকিৎসা হয়ে থাকে। কখনো কখনো ভুল ওষুধ সেবন, ক্ষতিকর ওষুধের মাত্রাতিরিক্ত ও দীর্ঘমেয়াদি ব্যবহার, নিম্নমানের ওষুধ, ভুল অস্ত্রোপচার এবং প্রতারকের খপ্পরে পড়ার ঘটনাও গণমাধ্যমে প্রকাশিত হয়ে আসছে। স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে সরকার 'স্বাস্থ্যসেবা ও সুরক্ষা আইন, ২০২২' প্রণয়নের উদ্যোগ নিয়েছে। এরই মধ্যে খসড়াটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলে জানা গেছে। জনস্বার্থে অবিলম্বে এই আইনের প্রণয়ন ও বাস্তবায়ন জরুরি মনে করি। এ বিষয়ে সরকারকে দ্রুত পদক্ষেপ নিতে হবে। স্বাস্থ্য খাতে অনিয়ম-অব্যবস্থাপনা রোধ করতে উর্ধ্বতন মহলের নজরদারি দরকার। স্বাস্থ্য খাতের রূপরেখা নিয়ে এখনই ভাবতে হবে। অবহেলা বা ভুল চিকিৎসায় আর কোনো মৃত্যু দেখতে চাই না।

## আব্দুল হাই এমপি'র বড় ভাবি'র

আত্মার মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

## ঝিনাইদহ কলেজ ছাত্রলীগের কর্মীসভা

সাংগঠনিক কার্যক্রম আরও জোরদার করতে নেতাকর্মীদের আহ্বান জানানো হয়।

## মহেশপুরে একতা ক্লিনিকে আবারও

জানান, সি এস আফিসে আমি প্রতিমাসে খাম পাঠাই। তাইতো আমি ক্লিনিক চালাতে পারি। ইতি পুর্বেও লাইসেন্স বিহির একতা ক্লিনিকে আরো দু' নবজাতকের মৃত্যু হয়েছে।

জেলা সিভিল সার্জন শুভ্রারানী জানান,নবজাতকের মৃত্যু কোন ভাবেই মেনে নেওয়া হবে না। আমি যতটুকু জানি নেপা মোড় একতা ক্লিনিক এখনও বন্ধ আছে। তদন্ত সাপেক্ষে আইনুগ ব্যবস্থা নেওয়া হবে।

## ঝিনাইদহে খাদ্য অধিকার ও কৃষি

উৎপাদিত ধান ও কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রদাণ, আঠা ডাল তৈলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম কমানোসহ সামাজিক নিরাপত্তা কর্মসূচির আর্থিক ও খাদ্য পণ্যের বরাদ্দ বৃদ্ধির দাবী জানান। সেই সাথে সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীর নির্বাচনে দূণীতি বন্ধ করারও দাবী জানান।

## মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে

শিক্ষক সমিতির জেলা সভাপতি মহি উদ্দিন, সাধারন সম্পাদক আলমগীর হোসেনসহ জেলা ও উপজেলার সকল নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জেলা সভাপতি মহি উদ্দিন বলেন, এমপিওভুক্ত শিক্ষকগণ মাত্র ১ হাজার টাকা বাড়ি ভাড়া, ২৫ ভাগ উৎসব ভাতা ও ৫'শ টাকা চিকিৎসা ভাতা পাই। কিন্তু একই নিয়মে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা অতিরিক্ত সুযোগ সুবিধা পায়। সরকারি-বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মধ্যে বেতন ভাতার রয়েছে পাহাড়সম বৈষম্য। এমনকি বেসরকারি শিক্ষক -কর্মচারীদের অবসরে যাবার পর অবসর সুবিধা ও কল্যান ট্রাস্ট খাতে বেতনের টাকা থেকে ৪ ভাগ কেটে নেওয়া হচ্ছে। এমনকি অবসর ভাতা পেতেও বছরের পর বছর অপেক্ষা করতে হয়। এ সমস্ত বিষয় সমাধান ও মাধ্যমিক শিক্ষা জাতীয়করনের দাবি জানিয়েছেন সরকারের নিকট। ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় বাজেট পাসের আগেই দাবিগুলো মেনে না নিলে আগামীতে কঠোর কর্মসূচির হুশিয়ারী দেন তারা।

## মহেশপুরে টেন্ডার ছাড়াই কাটা

গাছটি কাটা হচ্ছে। বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ইসমাইল হোসেন জানান, গাছটি কোন টেন্ডার ছাড়াই উপজেলা শিক্ষা অফিসারের নির্দেশে আজ কাটতে হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষ কর্মকর্তা আবু হাসান জানান, নতুন স্কুল ভবন হবে তাই গাছটি আপাতত কেটে রাখা হচ্ছে। পরে সরকারী ভাবে টেন্ডার দেওয়া হবে। তিনি আরো জানান, গাছটি না কাটলে নতুন ভবন নির্মান কাজের ব্যাঘাত ঘটবে তাই গাছটি কেটে রাখা হচ্ছে।

## গাংনীতে খাস জমি নিয়ে সংঘর্ষ

রানা। আহতের মধ্যে তৌহিদুল ইসলামের অবস্থা গুরুতর হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসাপাতালে রেফার করা হয়েছে। বাকীদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মেহেরপুর জেলারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় সুত্রে জানাগেছে, আব্দুর রহামানের ছেলে আজিজুল ইসলাম তার পুরাতন বসত বাড়ি ভেঙ্গে ২৪ শতক জমিতে নতুন বাড়ি নির্মাণ কাজ শুরু করেন। ওই জমির মধ্যে সরকারি তিন শতক খাস জমি রয়েছে বলে দখল দাবী করেন প্রতিবেশি এলাহি বকসের ছেলে সাহাবুদ্দিন। খাস জমির মধ্যে এক শতক জমি পাওয়া যাবে বলে দাবী করলে তখন উভয় পক্ষের মধ্যে বাক-বিতন্ডা শুরু হয়। এক পর্যায়ে উভয় পক্ষের লোকজন সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে অন্তত দুই নারীসহ উভয় পক্ষের ৯জন আহত হয়। স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। আহত তৌহিদুল ইসলামের অবস্থা গুরুতর হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন, বাকীদের স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সংঘর্ষের খবর পেয়ে সেখানে পুলিশ পাঠানো রয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। কোন পক্ষের লোকজনের অভিযোগ এখনো পাইনি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

## কালীগঞ্জে পানিতে ডুবে

ডুবে যায়। এরপর তার সাথে থাকা দুইজন স্থানীয়দের খবর দেয়। পরে স্থানীয়রা এসে শিশু জিসানকে পুকুরে ভাসতে দেখে। এসময় তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. ইমরান হোসেন জানান, শিশু জিসানের হাসপাতালে আনার আগেই মৃত্যু হয়েছে।

## শৈলকুপায় অবৈধ কারেন্ট জাল আটক

নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ বনি আমিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমরা মঙ্গলবার সকালে কুমার নদী বিভি-ন্ন পয়েন্টে অভিযান চালিয়ে অবৈধ কারেন্ট জাল জব্দ করি পরে জনসম্মুখে তা পুড়িয়ে ফেলা হয়। এসময় অভিযান শুরু হলে জাল ফেলে পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা যায়নি।

## ঝিনাইদহে দেড় লক্ষ গাছের

সকালে ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই ও পোড়াহাটি ইউনিয়নের ভগবানগর কেন্দ্রের সদস্যদেরসহ ১১ টি শাখায় দেড় লক্ষ গাছের চারা এক যোগে বিতরণের উদ্বোধন করেন গ্রামীন ব্যাংকের যোনাল ম্যানেজার মজিবুর রহমান । সেসময় উপস্থিত ছিলেন এরিয়া ম্যানেজার এস এম গফুর উদ্দিন, পাগলাকানাই শাখা ব্যবস্থাপক মোজাম্মেল হক, পোড়াহাটি শাখা ব্যবস্থাপক এহছানুর রহমান।

পরে ঝিনাইদহ সদর শাখা, মহারাজপুর, পদ্মাকর, হলিধানী, ঘোড়শাল, মধুহাটী, হরিণাকুন্ডু উপজেলার কাপাশিটিয়া কালীগঞ্জ উপজেলার কোলা বাজার ও নিয়ামতপুর শাখার সদস্যদের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়।

গ্রামীন ব্যাংকের যোনাল ম্যানেজার মোঃ মজিবুর রহমান বলেন, ঝিনাইদহ যোনের ঝিনাইদহ এরিয়ায় সবুজ বনায়ন করার লক্ষ্যে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পরিষদের চেয়ারম্যান অধ্যাপক ড.একে এম সাইফুল মজিদ ও ব্যবস্থাপনা পরিচালক মোসলেহ উদ্দিন এর মহতি উদ্যোগে দেশ ব্যপি বৃক্ষ রোপণের অংশ হিসেবে ঝিনাইদহে গ্রামীন ব্যাংকের যোনাল এরিয়ায় এক সপ্তাহে ৯ লক্ষ ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা লাগানো হবে।

## কালীগঞ্জে আখের ফলন বৃদ্ধির লক্ষে

সভাপতিত্বে এবং ডিজিএম (কৃষি) বাকি বিল্লার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএসএফআইসির ইক্ষু উন্নয়ন ও গবেষনা বিভাগের যুগ্ন সচিব ও পরিচালক পুলক কান্তি বড়ুয়া।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিএসএফআইসির (টিএস) প্রধান ড. জেবুন নাহার ফেরদৌস, জিএম (কৃষি) গৌতম কুমার মন্ডল, ফ্যাক্টরি জিএম আলমগীর হোসেন, ব্রিটিশ টোবাকোর খামার ইনচার্জ মোস্তফা জামানসহ মোচিকের বিভিন্ন ইউনিটের সাবজোন কর্মকর্তা, সিআইসি, সিডিএ এবং আখচাষীরা উপস্থিত ছিলেন।

কর্মকর্তারা আখচাষীদের আধুনিক প্রযুক্তিতে আখের একর প্রতি ফলন বৃদ্ধি ও গুনগত মানসম্পন্ন আখ উৎপাদনের লক্ষে উন্নত কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন পরামর্শ দেন। এবং চাষীদের আখ চাষে উদ্বুদ্ধ করতে বিভিন্ন সুযোগ সুবিধার দেবার আশ্বাস দেন।

অনুষ্ঠানে আখচাষী আব্দুল গফুর আখের দাম মণ প্রতি ২৫০ টাকা থেকে ৩৫০ টাকা, সময় মত আখের মূল্য পরিশোধসহ বিভিন্ন দাবী দাওয়া করেন। এসময় কর্মকর্তারা ঐ গ্রামের আখচাষীদের বিভিন্ন আখের প্লটগুলো পরিদর্শন করেন।

## কোরবানির ঈদকে সামনে রেখে

ডেইরি ফার্ম এর মালিক নাসির উদ্দীন বলেন, এ বছর আমার ফার্মে শতাধিক টি গরু রয়েছে। এর মধ্যে কোরবানির জন্য ছোট-বড় ৭৯ টি গরু প্রস্তুত করেছি। সবচেয়ে বড় যে ষাঁড় গরুটি ওজন আনুমানিক ২০ মণের উপরে রয়েছে। আর সর্বনিম্ন যে গরুটি রয়েছে তার ওজন হবে প্রায় ৪ মণ।

শার্শা উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ বিনয় কৃষ্ণ মন্ডল বলেন, এ বছর উপজেলায় বাণিজ্যিক খামারি ও প্রান্তিক পশু লালন-পালনকারিরা ৯ হাজার ৮৭৩ টি গরু, মহিষ, ছাগল ও ভেড়া মিলে চাহিদার তুলনায় বেশি পশু প্রস্তুত রয়েছে। পশু প্রস্তুতকারিদের নিয়োমিত বিভিন্ন বিষয়ে পরামর্শ দেওয়া হয়। বাগআঁচড়া সাতমাইল ও নাভারণ পশু হাটে কোরবানির পশু বেচা কেনার সময়ে মেডিকেল টিম কাজ করছে।

## হাজী মোহাম্মদ শামসুল হুদা শিশির

যারা কোরআন শিক্ষা নিতে পাঠদান করে যাচ্ছেন এ পর্যন্ত ২০ জন এর ও অধিক মাদ্রাসাটিতে থেকে ৩০ পারার হাফেজ হয়েছেন। অন্যদিকে ৫০ জন শিক্ষার্থী যারা লিল্লাহ বোর্ডিংয়ে সাধারণ মানুষের সাহায্যে তিন বেলা আহার করে শিক্ষা অর্জন করে চলেছেন, আমঝুপি নূরানী হাফেযিয়া মাদ্রাসাটিতে আটজন শিক্ষক দায়িত্বের সাথে শিক্ষার্থীদের শিক্ষাদান করে যাচ্ছেন। হাজী মোহাম্মদ শামসুল হুদা শিশির সৎ চিন্তার মানুষ হিসাবে আরও অনেকগুলো প্রতিষ্ঠানের সাথে জড়িয়ে রয়েছেন যেমন আমঝুপি কেন্দ্রীয় ঈদগাহের কোষাধক্ষ্য, আমঝুপি ক্রীড়া একাদশের সভাপতি, এছাড়াও মসজিদ ,কবরস্থানের কমিটির যেমন দায়িত্বে রয়েছেন তেমনি, মেহেরপুর সম্মানিত হাজী সমিতি, ও বিসিডিএস বাংলাদেশ কেমিস্ট অ্যান্ড ডার্গিস্ট সমিতি এবং দিনের দাওয়াত প্রতিষ্ঠান তাবলীগী জামাত এ কাজ করে থাকেন নিয়মিত ভাবে। হাজী মোহাম্মদ শামসুল হুদা শিশির ধর্মভীরতার বাস্তব এক চিত্র তাঁর নিজের জমিতে বারাদীর মুসুরি ভাজা যুগিন্দা গ্রামে মসজিদ তৈরি করে দিয়েছেন। হাজী মোহাম্মদ শামসুল হুদা শিশির এক প্রশ্নের উত্তরে এই প্রতিবেদককে বলেন আল্লাহ তাআলা মানুষ সেই সাথে মুসলিম করে সৃষ্টি করেছেন সুতরাং দ্বীনের কাজ করাটা একটা দিনের দাওয়াত এর অংশ। তিনি তাঁর মন খারাপের কথা বলতে গিয়ে বলেন কেউ যখন মিথ্যা বলে, এই সভ্য মানুষটির আগামী দিনের পরিকল্পনার কথা বলতে গিয়ে বলেন যে কদিন বেঁচে আছি আল্লাহতালা যতদিন সক্ষমতা ও সুস্থ রাখেন দ্বীনের কাজ করে যাব ইনশাআল্লাহ, সেই সাথে মানবতা মানবিকতা সামাজিক উন্নয়ন এমনি সব বিষয়কে গুরুত্ব দেব আল্লাহতালা চাইলে।

## দামুড়হুদায় সাংবাদিক গোলাম

বলেন, হত্যাকান্ডের সাথে জড়িত খুনিদের সর্বচ্চ শাস্তির ব্যবস্থা করতে হবে। সাংবাদিকরা সঠিক সংবাদ লিখলেই প্রতিপক্ষ তৈরী হয়ে যায়। প্রতিপক্ষ না ভেবে সংশোধোন হওয়া উচিত। দেশে যেন কোন সাংবাদিক হত্যাকান্ডের শিকার না হয় সে ব্যাপারে রাষ্ট্রীয়ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। সাংবাদিকরা সঠিক সংবাদ প্রকাশ করে রাষ্ট্রীয় কাজে সহায়তা করে থাকেন।

## কোরবানির গরু ও মাংস আমদানির

নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে। রিটে বলা হয়েছে, আমদানি নীতি ২০২১-২৪ অনুযায়ী গরুর মাংস একটি আমদানিযোগ্য পণ্য। অন্যদিকে 'দি ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ অর্ডার' ১৯৭২ এর ধারা ১২ অনুযায়ী প্রয়োজনীয় পণ্য আমদানির মাধ্যমে বাজারে পণ্য সরবরাহ নিশ্চিত করে বাজারমূল্য সহনীয় রাখা টিসিবির আইনি কর্তব্য। কিন্তু টিসিবি বিদেশ থেকে জীবন্ত গরু এবং গরুর মাংস আমদানি না করে তার আইনি কর্তব্য পালনে ব্যর্থ হয়েছে। অন্যদিকে দায়িত্বপ্রাপ্ত এসব মন্ত্রণালয় ও সংস্থার ব্যর্থতার জন্য বাজারে গরুর মাংস নিম্নবিত্ত ও মধ্যবিত্ত জনগণের ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে।

## আলমডাঙ্গা পৌরসভায় সাপ্লাই

খরচে বিশুদ্ধ পানি পৌর নাগরিকদের ঘরে ঘরে পৌছায়ে দেওয়াই আমাদের লক্ষ্য। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জনস্বাস্থ্য অধিদপ্তরের প্রকৌশলী শেখ ফরিদ, প্যানেল মেয়র মজিবুল হক, আলমডাঙ্গা পৌর নির্বাহী কর্মকর্তা রাকিবুল ইসলাম, আলমডাঙ্গা পৌরসভার উপপ্রকৌশলী আসাদুজ্জামান আসাদ, পৌর সেনেটারী ইন্সপেক্টর মাহফুজ রানা, সমাজসেবক কাজী রবিউল হক, বিশিষ্ট ব্যবসায়ী ঠান্ডু রহমান, আলমডাঙ্গা পৌরসভার অফিস সহায়ক হাফিজুর রহমান, আবু সায়েম বাপ্পি, পৌরসভার কাউন্সিলর আশরাফুল হক বাবু, জহুরুল ইসলাম স্বপন, বাপ্পি হোসেন, আলালউদ্দিন, সাইফুল ইসলামসহ পৌরসভার কর্মচারীবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## মহেশপুরে বাওড়ের পানিতে

সে নিখোঁজ ছিলো। জেলেরা পানিতে নেমে অনেক খোঁজাখুজি করেও তাকে পাননি। পরে খুলনা থেকে আসা ডুবরীরা মৃতদেহ উদ্ধার করে আসিকের। মহেশপুর থানার ওসি খন্দকার শামীম উদ্দিন মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

## নির্বাচনে ভারত কখনো হস্তক্ষেপ

চেয়েছে কি না, তা জানা নেই। গতকাল মঙ্গলবার রাজধানীর স্বামীবাগ আশ্রম প্রাঙ্গণে ইসকন বাংলাদেশ আয়োজিত এক আলোচনা সভায় ওবায়দুল কাদের এসব কথা বলেন। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, আগামী দ্বাদশ জাতীয় নির্বাচনেও তা-ই হবে। ভারত বৃহৎ গণতান্ত্রিক দেশ। অন্য দেশের নির্বাচন নিয়ে তারা হস্তক্ষেপ করে না। ইসকনের চাইল্ড প্রোটেকশন টিমের চেয়ারম্যান হিরেন সরকারের সঞ্চালনায় আলোচনা সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সুজিত রায় নন্দী, আওয়ামী লীগের কার্যনির্বাহী সদস্য নির্মল চ্যাটার্জি, ইন্দিরা গান্ধী সাংস্কৃতিক কেন্দ্রের পরিচালক মৃন্ময় চক্রবর্তী প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে ওবায়দুল কাদের বলেন, দেশে নির্বাচন কারও আদেশ বা নির্দেশে হবে না। বহিঃশক্তির পরামর্শেও হবে না। নির্বাচন হবে সংবিধান অনুযায়ী। তিনি বলেন, 'ভারত আমাদের প্রতিবেশী দেশ। মহান মুক্তিযুদ্ধের সময় দেশটির কয়েক হাজার সৈন্য মুক্তিযুদ্ধে অংশ নিয়ে আমাদের সহযোগিতা করেছিল। কিন্তু এই বন্ধুত্বের মানে এই নয় যে, ভারত এসে আমাদের ক্ষমতায় বসিয়ে দেবে। এমন উদ্ভট চিন্তা আওয়ামী লীগ করে না।' সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন। কিন্তু তাঁর যুক্তরাষ্ট্র সফরের সঙ্গে বাংলাদেশের নির্বাচনের সম্পর্ক কী, তা আমার জানা নেই। মোদি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে কী নিয়ে আলোচনা করবেন, সেটা তাঁর নিজস্ব বিষয়। বিশ্বে অস্থিরতা, যুদ্ধ, মূল্যস্ফীতি, জ্বালানিসংকট-এসব বিষয় নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হবে। বাংলাদেশ নিয়ে কোনো কথা হবে কি না, তা আমার জানা নেই। আমরাও মোদির কাছে এমন কোনো প্রস্তাব পাঠাইনি বাইডেনকে বোঝানোর জন্য।' আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, 'যুক্তরাষ্ট্র আমাদের দেশের জন্য নতুন ভিসানীতি ঘোষণা করেছে। উদ্দেশ্য সুষ্ঠু নির্বাচন। আমরা বলছি, আগামী নির্বাচন সুষ্ঠু হবে। হিন্দু-মুসলমান সবাই যাতে ভোট দিতে পারে, সরকারের এখন সেই চিন্তা।' সড়ক পরিবহনমন্ত্রী বলেন, আর পাঁচ-ছয় মাস পর জাতীয় নির্বাচন। এই নির্বাচন সংবিধান অনুযায়ী হবে। নির্বাচন সামনে রেখে অনেকের মধ্যে আতঙ্ক, ভয়, শঙ্কা ঘুরপাক খাচ্ছে। অতীতে যতবারই নির্বাচন নিয়ে বেশি আশঙ্কা ছিল, রাজনীতির আকাশ তত পরিষ্কার ছিল। যত বেশি অন্ধকার মনে হবে, আলো-ঝলমলে একটা সুন্দর সকাল তত ঘনিয়ে আসে। ওবায়দুল কাদের বলেন, দেশে কোনো কোনো মহল আছে, অবাধ ও সুষ্ঠু নির্বাচন চায়। তাদের কাছে সুষ্ঠু নির্বাচনের মানে হচ্ছে আওয়ামী লীগ পরাজিত হওয়া। বিএনপির পাশাপাশি কয়েকটি দলের মনোবাসনাও তেমন। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, হিন্দুধর্মাবলম্বীদের নিজেদের মাইনরিটি (সংখ্যালঘু) মনে করা উচিত নয়। একজন মুসলমানের ভোটের যেমন অধিকার আছে, হিন্দুধর্মাবলম্বীদেরও ভোটের সমান অধিকার। হিন্দুধর্মাবলম্বীদের উদ্দেশে মন্ত্রী বলেন, 'আপনারা মুক্তিযুদ্ধে শান্তি ও গণতন্ত্রের জন্য লড়াই করেছেন। আপনারা আমাদের সহযাত্রী। বঙ্গবন্ধুর ডাকে বহু সনাতন ধর্মাবলম্বী সাড়া দিয়ে মুক্তিযুদ্ধে অংশ নিয়েছিলেন।' মন্ত্রী বলেন, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল ২০১৩ সালে শাপলা চত্বরের ঘটনায় বলেছিল, ৭০ জন মারা গেছে। পরে তদন্ত করে দেখা গেল, ৬৬ জন ক্লাস করছে। বাংলাদেশের শান্তিরক্ষী বাহিনী সারা দুনিয়ায় প্রশংসার সঙ্গে কাজ করছে। অথচ তাদের নিয়ে টিআই প্রশ্ন করছে। তাদের সঙ্গে বিএনপিও সুর মেলাচ্ছে। এভাবে জনগণকে বিভ্রান্ত করা উচিত নয় বলে মন্তব্য করেন তিনি।

## ফসল উৎপাদনের সাফল্য আজ

রাজধানীর গুলশানে হোটেল আমারির হলরুমে নেদারল্যান্ডসের দূতাবাস আয়োজিত বাংলাদেশে নেদারল্যান্ডসের কৃষি বাণিজ্য মিশনের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, সম্প্রতি জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার একটি প্রতিবেদনে বলা হয়, চাল, আলু, আম, সবজিসহ ২২টি কৃষিপণ্য উৎপাদনে বাংলাদেশ এখন শীর্ষ দেশের একটি। কিন্তু কৃষি প্রক্রিয়াজাতকরণ ও কৃষিপণ্যের রপ্তানিতে আমরা অনেকটা পিছিয়ে আছি, অথচ এখানে অপার সম্ভাবনা রয়েছে। চারটি খাতকে অগ্রাধিকার দিয়ে কৃষিখাতে বিনিয়োগ পরিকল্পনা নেওয়া হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, আমরা কৃষি প্রক্রিয়াজাতকরণ, কোল্ড স্টোরেজ স্থাপন ও সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এবং সেচ ব্যবস্থাপনাকে অগ্রাধিকার খাত হিসাবে চিহ্নিত করেছি। এসব খাতে নেদারল্যান্ডসের প্রযুক্তিগত সহযোগিতা ও বিনিয়োগ প্রয়োজন। বাংলাদেশে বিনিয়োগের অবকাঠামো ও সরকারি সুযোগ সুবিধার বিস্তারিত তুলে ধরে নেদারল্যান্ডসের এগ্রি ট্রেড মিশনকে মন্ত্রী বলেন, বাংলাদেশে কৃষিতে বিনিয়োগের জন্য এ খাতগুলো খুবই সম্ভাবনাময় এবং তা লাভজনক হবে। দেশে বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ রয়েছে। কাজেই আপনারা বিনিয়োগে এগিয়ে আসুন। অনুষ্ঠানে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান লোকমান হোসেন মিয়া, ফরেন ইনভেস্টমেন্ট চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ড্রাস্ট্রির সভাপতি নাসের এজাজ বিজয়, নেদারল্যান্ডস দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স থিজ উডস্ট্রা, নেদারল্যান্ডসের এগ্রি ট্রেড মিশনের প্রধান উইস ভ্যান লিউভেন, নেদারল্যান্ডসের কৃষি মন্ত্রণালয়ের বিশেষ দূত ফ্রেডেরিক ভসেনার প্রমুখ বক্তব্য রাখেন। বাংলাদেশ ও নেদারল্যান্ডসের মধ্যে কৃষি ও ডেইরি খাতে সহযোগিতা বৃদ্ধি করতে এ মিশন কাজ করবে। তিন দিনব্যাপী এই মিশনে নেদারল্যান্ডসের ৯টি কোম্পানি/প্রতিষ্ঠান বাংলাদেশের ব্যবসায়ী, উদ্যোক্তা, বিশেষজ্ঞ ও কৃষি সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় করবেন এবং বিনিয়োগ ও সহযোগিতার ক্ষেত্রগুলো চিহ্নিত করবেন।

## দেশে ভিন্নমত পোষণের সুযোগ

গুম করা হয়েছে। ৪০ লাখ নেতাকর্মীর বিরুদ্ধে মিথ্যা-হয়রানিমূলক মামলা দেওয়া হয়েছে। একটা ভয়াবহ অবস্থা, ভিন্নমত পোষণের সুযোগই নেই।' তিনি বলেন, 'এমন অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা খুব পরিষ্কার করে বলেছি, একটি নির্দলীয়-নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন চাই। এ কারণে বিএনপির পক্ষ থেকে ১০ দফা দাবিও জানিয়েছি। আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। এজন্যই নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন দিতে হবে। গণতন্ত্র পুনরুদ্ধার করে দেশের মানুষের অধিকার ফিরিয়ে দেওয়াই এখন বিএনপির লক্ষ্য।' মঙ্গলবার (২০ জুন) বিকেলে রাজধানীর গুলশানের একটি অভিজাত রেস্তোরাঁয় বিএনপির মিডিয়া সেলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'দেশের প্রধান সংকট হলো- গণতন্ত্র না থাকা। এ সরকার সব প্রতিষ্ঠানকে ধ্বংস করে দিয়েছে। গত ১০ বছরে একদলীয় শাসন কায়েম করেছে। আবারও তারা ভোট চুরির নির্বাচন করার পাঁয়তারা করছে।' বিএনপি মহাসচিব বলেন, 'জনগণ তাদের ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচন করতে চায়। আমরা দেখেছি, বিশেষ করে বর্তমান শাসকগোষ্ঠী আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে এটা সম্ভব নয়। সে কারণে আমরা পরিষ্কার করে বলেছি, একটি নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন চাই। যেন সেই নির্বাচনে জনগণ তাদের ভোট দিতে পারেন ও তাদের প্রতিনিধি নির্বাচন করতে পারেন। এ কথাগুলো আমাদের দলের পক্ষ থেকে খুব পরিষ্কার করে বলা হয়েছে।' তিনি বলেন, 'যারা বাংলাদেশের স্বাধীনতাকে বিশ্বাস করে, বাংলাদেশকে সত্যিকার অর্থে যারা গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে দেখতে চান, সেই সব রাজনৈতিক দলগুলো একসঙ্গে হয়ে আজকে যুগপৎ আন্দোলন করছে। আমাদের লক্ষ্য হলো- গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করা। এখানে বিএনপি ক্ষমতা নিতে চাই- এ কথাটি মুখ্য নয়। মুখ্য হচ্ছে দেশের মানুষের অধিকারকে আমরা প্রতিষ্ঠিত করতে চাই। যে স্বপ্ন নিয়ে ১৯৭১ সালে আমরা যুদ্ধ করেছিলাম। যে প্রতিশ্রুতি আমরা জনগণকে দিয়েছিলাম, তা পূরণ করতে চাই।' অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএনপির মিডিয়া সেলের আহ্বায়ক জহির উদ্দিন স্বপন। সদস্যসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানির সঞ্চালনায় এতে উপস্থিত ছিলেন মিডিয়া সেলের সদস্য শাম্মী আক্তার, মোর্শেদ হাসান খান, রুমিন ফারহানা, কাদের গণি চৌধুরী, শায়রুল কবির খান, ওলামা দলের আহ্বায়ক শাহ মো. নেছারুল হক প্রমুখ।

## মূল্যস্ফীতি কমানোর পাশাপাশি কৃষি

আমাদের আমদানি রপ্তানি বেড়েছে, রিজার্ভ স্থিতিশীল পর্যায়ে পৌঁছেছে, চালের দামও কমছে, মূল্যস্ফীতি কিছুটা নিম্নগামী করার চেষ্টা করবো, জুনে কমে আসবে। বিদেশি অর্থের বিষয়ে পরিকল্পনা প্রতিমন্ত্রী শামসুল আলম বলেন, বিদেশি ঋণ ও সহায়তা ৫০ বিলিয়ন ডলার পাইপলাইনে আছে। এগুলো প্রকল্পে ব্যবহার করতে পারলে রিজার্ভের কাজে লাগবে এবং প্রকল্পগুলো বাস্তবায়ন করা যাবে। একনেক সভায় ১৬টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ২৪ হাজার ৩৬২ কোটি ১৪ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ১২ হাজার ৮৭৩ কোটি ১১ লাখ টাকা, বৈদেশিক ঋণ থেকে ১১ হাজার ৪৭২ কোটি ৮৮ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব তহবিল থেকে ১৬ কোটি ১৫ লাখ পাওয়া যাবে।

## বাংলাদেশের শান্তিরক্ষা মিশন নিয়ে

হঠাৎ তারা কেন, বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে অতি উৎসাহী হয়ে উঠলেন এবং সবকিছু বাদ দিয়ে শান্তিরক্ষী বাহিনী থেকে বাংলাদেশকে বাদ দেয়ার জন্য প্রস্তাব করলেন তা বোঝা না গেলেও এতটুকু বোঝা গেলো ঐ চিঠির বক্তব্য তাদের নয় বরং তারা অন্ধভাবে অন্য কারো লিখিত বক্তব্য স্বাক্ষর করেছেন। আমি নিশ্চিত, তাদের এ বক্তব্যের পেছনে যুক্তি দেখাতে বললে তারা আমতা আমতা করে পিছু হটবেন। বরং আমরা এ বক্তব্যের কারণ জানি অথবা ১৬ কোটি মানুষ এমনকি সেনাবাহিনীর প্রতিটি সদস্যও এ বক্তব্যের কারসাজি জানে। এক এগারোর কুশীলবরা এ বক্তব্য ব্যবহার করে দেশে জরুরি অবস্থা জারির যথার্থতা প্রমাণে সফল হয়েছিলেন। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণের মতো একটি নৈমিত্তিক বিষয় কেন এতো গুরুত্ব পায় বাংলাদেশে? কেনইবা রাজনৈতিক নেতারা এটিকে বারবার রাজনৈতিক খুঁটি হিসেবে ব্যবহার করে? বিষয়টি নিয়ে ভাবা যাক।

বাংলাদেশের প্রেক্ষাপটে শান্তিরক্ষী বাহিনীতে সেনাবাহিনী/সশস্ত্র বাহিনীর সদস্যদের অংশগ্রহণের দুটি ডাইমেনশন আছে। একটি অর্থনৈতিক আরেকটি রাজনৈতিক অর্থনৈতিক এ কারণে যে শান্তিরক্ষী মিশনে কাজ করার সাথে অর্জিত বৈদেশিক মুদ্রা অংশগ্রহণকারী সদস্যদের অর্থনৈতিক স্বাচ্ছন্দ্যের সুযোগ করে দেয়। আর রাজনৈতিক কারণটি অর্থনীতির সাথে সম্পর্কিত। কারণ কোনো কারণে সেনা সদস্যরা মিশনে যেতে ব্যর্থ হলে তার একটি নেতিবাচক প্রভাব সুরকারের উপর পড়বে; যা বাংলাদেশে ক্ষমতার ভারসাম্য বিনষ্টের কারণ হতে পারে। আর ঠিক এ কারণটিই বিরোধী দল সবসময় কাজে লাগাতে সচেষ্ট থাকে। কিন্তু তারা কি একবারও ভেবে দেখেছেন তাদের এরকম কার্যক্রমের কি ভয়ংকর প্রভাব পড়তে পারে। শান্তি মিশনের দরজা একবার বন্ধ হয়ে গেলে তা আর নাও খুলতে পারে। বিষয়টি এমন নয় যে, সরকার পরিবর্তনের সাথে সাথে সবকিছু ঠিক হয়ে যাবে।

বিষয়টি ভালভাবে অনুধাবনের জন্য সাম্প্রতিক একটি ঘটনাকে উদাহরণ হিসেবে আনা যেতে পারে। দক্ষিণ সুদানে শান্তিরক্ষী মিশন কাজ করছে ২০১১ সাল থেকে। ২০১৬ সালে সরকার ও বিরোধী দল সংঘর্ষে লিপ্ত হলে একদল সরকারী সেনা ইউএন এর এইড ওয়ার্কারদের জন্য নির্ধারিত একটি হোটেল "এঃউজজঅওয" আক্রমণ করে। ইউএন এর নিকটবর্তী ক্যাম্প বিষয়টি জানার পরও তড়িৎ উপযুক্ত কার্যক্রম গ্রহণে ব্যর্থ হলে বেশ কয়েকজন মহিলা এইড ওয়ার্কার গণধর্ষণের স্বীকার হয় ও একজন স্থানীয় কর্মচারী নিহত হয়। বিষয়টি নিয়ে হৈছে শুরু হলে ইউএন দক্ষিণ সুদানের জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর ফোর্স কমান্ডার কেনিয়ার লেঃ জেনারেল জনসন মগোয়া কিমানিকে অব্যাহতি প্রদান করে। কিন্তু কেনিয়া জাতিসংঘের পদক্ষেপে সংক্ষুব্ধ হয়ে হুমকি প্রদান করে যে, তাদের ফোর্স কমান্ডারকে অব্যাহতি দেয়া হলে কেনিয়া দক্ষিণ সুদান থেকে সকল সৈন্য প্রত্যাহার করবে। জাতিসংঘ তাদের সিদ্ধান্তে অটল থাকলে কেনিয়া সুদানে মোতায়েনকৃত পদাতিক কন্টিনজেন্ট প্রত্যাহার করে । ফলশ্রুতিতে, বাংলাদেশী পদাতিক কন্টিনজেন্ট দক্ষিণ সুদানে শান্তিরক্ষী মিশনে কাজ করার সুযোগ পায়; যা আজ পর্যন্ত অব্যাহত আছে। অন্যদিকে, কেনিয়া পরবর্তীতে অনেক চেষ্টা করেও অদ্যাবধি দক্ষিণ সুদানে আর কোন কন্টিনজেন্ট প্রেরণ করতে পারেনি । কাজেই জাতিসংঘের শান্তি মিশনে সৈন্য প্রেরণের জন্য দরজা বন্ধ হওয়া যত সহজ, খোলা তত সহজ নয়। কাজেই তাৎক্ষণিক প্রাপ্তির আশায় শান্তিরক্ষী বাহিনী সংশ্লিষ্ট যেকোন হঠকারী সিদ্ধান্ত দেশের ভাবমূর্তি ও সার্বিক বিষয়ের উপর সুদূরপ্রসারী প্রভাব ফেলবে ।

জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে বাংলাদেশের গৌরবজনক পদযাত্রা শুরু হয় ১৯৮৮ সালে ইরাকে ১৫ জন মিলিটারী অংশগ্রহণের মাধ্যমে। অতঃপর অদ্যাবধি প্রায় ৫৪টি মিশনে প্রায় ১,৮০,৬৬১ জন সদস্য শান্তিরক্ষী বাহিনীতে নিয়োজিত ছিল। বর্তমানে ০৯টি ভিন্ন মিশনে প্রায় ৬৮০২ জন সদস্য শান্তি রক্ষায় নিয়োজিত রয়েছে। আন্তর্জাতিক শান্তিরক্ষায় বাংলাদেশের প্রায় ১৬০ জন বিভিন্ন পদবীর শান্তিরক্ষী জীবন বিসর্জন দিয়েছে। ২০২৩ সালে আন্তর্জাতিক শান্তি রক্ষায় আত্মবিসর্জনের জন্য ইউএন ০৫ জন সেনা সদস্যকে ইউএন'র সর্বোচ্চ পদক 'ড্যাগ হ্যামারস শোল্ড' পদক অর্জন করে; যা জাতি হিসেবে আমাদের গর্বিত করেছে।

কাজেই আন্তর্জাতিক পরিমন্ডলে শান্তিরক্ষী বাহিনী হিসেবে আমাদের সুনাম একদিনে অর্জিত হয়নি । বিপদসংকুল পরিবেশে নিষ্ঠা, কঠোর পরিশ্রম, অগণিত ব্যক্তিগত আত্মত্যাগ ও সাহসিকতার মাধ্যমে এর শক্ত ভিত রচিত হয়েছে। সিয়েরালিউন, লাইবেরিয়া, কঙ্গো, সুদান, মালী, কম্বোডিয়া, ইরিত্রিয়া, দক্ষিণ সুদান, আইভরিকোস্ট এর মতো দেশসমূহে বাংলাদেশী শান্তিরক্ষী বাহিনীর সুকার্যক্রম জাতিসংঘ পরিমন্ডলে বাংলাদেশকে এক অনন্য মর্যাদার আসনে অধিষ্ঠিত করেছে। যার কারণে এখন বাংলাদেশ সর্বোচ্চ সেনা প্রেরণকারী দেশ হিসেবে মর্যাদারস্থান ধরে রেখেছে এবং বিভিন্ন মিশনে সৈন্য সংখ্যা হ্রাস করার কার্যক্রম চললেও প্রতিনিয়তই বাংলাদেশী শান্তিরক্ষী বাড়ছে।

জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে নারীর অংশগ্রহণ বৃদ্ধিতে প্রতিবেশী দেশগুলোর তুলনায় অনেক এগিয়ে আছে বাংলাদেশ। ২০২৫ সালের মধ্যে নারী স্টাফ ও সৈনিকদের সংখ্যা মোট জনবলের ২৫% বাধ্যবাধকতার অনেকটাই পূরণে বাংলাদেশ সক্ষম হবে। ইতোমধ্যে বাংলাদেশের প্রতিটি কন্টিনজেন্টের সাথে ফিমেল এনগেজমেন্ট টিম সর্বক্ষেত্রে প্রশংসা কুড়িয়েছে। তাছাড়া, অচিরেই বাংলাদেশের এভিয়েশন কন্টিনজেন্ট, এয়ার সাপোর্ট কন্টিনজেন্ট ও কমান্ডো কন্টিনজেন্ট মোতায়েনের সম্ভাবনার প্রেক্ষিতে বাংলাদেশ কন্টিনজেন্টের বহুমুখীতা বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধির পরিচয় বহন করছে; যা জাতিসংঘ কর্তৃক বহুলাংশে স্বীকৃতি লাভ করেছে ।

এমতাবস্থায়, আন্ডার সেক্রেটারি জেনারেল অব পিস অপারেশন্স জ্য পিয়েরে ল্যায়ার শান্তিরক্ষী মন্ত্রী পর্যায়ের বৈঠকের প্রস্তুতিমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য আগামী ২৬ জুন ২০২৩ খ্রিঃ বাংলাদেশে আসবেন। তার এ সফরকে উদ্দেশ্য করে শুরু হয়েছে ন্যাক্কারজনক এক অসুস্থ প্রতিযোগিতা। বিরোধী দলের সর্বাত্মক প্রচেষ্ঠায় হিউম্যান রাইটস ওয়াচ জাতিসংঘে শান্তিরক্ষী মিশনে বাংলাদেশের অংশগ্রহণ নিয়ে প্রশ্ন উত্থাপন, ছয়জন কংগ্রেসম্যানের চিঠি বিষয়টিকে জটিল করে তুলেছে। শান্তিরক্ষী মিশনে সৈন্য প্রেরণে নিজ দেশের নেতিবাচক এসকল উদ্যোগ নিঃসন্দেহে আমাদের জন্য অত্যন্ত অবমাননাকর ও আত্মধ্বংসী।

জাতিসংঘে প্রেরিত সৈন্যবাহিনী কোনভাবেই দেশের রাজনীতির সাথে জড়িত নয়। তবুও বিরোধী দল বারবার এ বিষয়টি উপজীব্য করে বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ করেছে। তাদের এ কার্যক্রমে উদ্দেশ্য পরিষ্কার। যেকোনভাবে সেনাবাহিনীকে সরকারের বিরুদ্ধে খেপিয়ে তোলা। কিন্তু সেনাবাহিনী তো রাজনীতির অংশ নয়। তবে, কেন সেনাবাহিনীকেই বারবার রাজনীতির খুঁটিতে পরিণত করে তাদের গর্ব ও সম্মানকে ধূলিসাৎ করতে তৎপর হয়।

বিদেশে দেশকে পরিচিত করতে বেশিরভাগ সময়ে যে পরিচয় দিতে স্বাচ্ছন্দ্যবোধ করি, গর্ববোধ করি তা হলো শান্তিরক্ষী বাহিনীতে নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনী । শান্তিরক্ষী বাহিনীতে বাংলাদেশ সেনাবাহিনীর কার্যক্রম মূল্যবান বৈদেশিক মুদ্রার সাথে সাথে আমাদের জন্য বয়ে এনেছে এক বিরল সম্মান। শান্তিরক্ষা কার্যক্রমে সৈন্যদের সর্বোচ্চ আত্মত্যাগ জাতি হিসেবে বিশ্বের দরবারে আমাদের মাথা উঁচু করেছে। আমাদের সেই অবস্থান রাজনীতির ঘৃণ্য কূটচালে নষ্ট হোক তা আমরা কেউ চাই না। যদি কেউ চায়, তাহলে সে আর যাই হোক, এদেশ তার না।

## একনেকে ১৬টি প্রকল্প অনুমোদন

(গতকাল মঙ্গলবার) ১৬টি প্রকল্প অনুমোদন হয়েছে। অনুমোদিত প্রকল্পসমূহ হলো- বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প; অর্থ মন্ত্রণালয়ের বিসিএস (কর) একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম পর্যায় প্রকল্প; পররাষ্ট্র মন্ত্রণালয়ের জার্মানীর বার্লিনে বাংলাদেশ চ্যান্সারি কমপ্লেক্স নির্মাণ প্রকল্প; সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দুটি প্রকল্প যথাক্রমে সুনামগঞ্জ-মদনপুর-দিরাই-শাল্লা জলসুখা-আজমিরিগঞ্জ হবিগঞ্জ মহাসড়কের শাল্লা জলসুখা সড়কাংশ নির্মাণ ও হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পথচারী আন্ডারপাস প্রকল্প; রেলপথ মন্ত্রণালয়ের বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের ঈশ্বরদী -পার্বতীপুর সেকশনের স্টেশনসমূহের সিগন্যালিং ও ইন্টারলকিং ব্যবস্থার প্রতিস্থাপন ও আধুনিকীকরণ প্রকল্প, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প; প্রধানমন্ত্রীর কার্যালয়ের গুরুশকুল বিশেষ আশ্রয়ণ প্রকল্প; দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্প এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সাতটি প্রকল্প যথাক্রমে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, Improving Urban Governance and Infrastructure (IUGIP) প্রকল্প, রুরাল কানেকটিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (আরসিআইপি) প্রকল্প, চট্টগ্রাম বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ প্রকল্প, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার পাঁচপীর বাজার-চিলমারী উপজেলা সদর দপ্তরের সঙ্গে সংযোগকারী সড়কে তিস্তা নদীর ওপর ১৪৯০ মি. দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ প্রকল্প, রাজশাহী বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ প্রকল্প এবং নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলার গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প। সভায় পরিকল্পনা কমিশনের ভাইস চেয়ারম্যান ও পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান; সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের; কৃষিমন্ত্রী আবদুর রাজ্জাক, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম; শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি; শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন, স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক, বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি; মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ. ম. রেজাউল করিম এবং সাইফুজ্জামান চৌধুরীসহ সংশ্লিষ্ট মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা উপস্থিত ছিলেন। এছাড়া সভায় উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, এসডিজির মুখ্য সমন্বয়ক, পরিকল্পনা কমিশনের সদস্য, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও সচিব এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা।

## সাংবাদিক মারধরে জড়িতদের

ইমন, ইমরান হোসাইন। বর্তমান সভাপতি মাহবুব এ রহমান, সাধারণ সম্পাদক ইমাম ইমু, যুগ্ম সাধারণ সম্পাদক ইফতেখারুল ইসলাম, নবাব আবদুর রহমান ও সমিতির সদস্য মারজান আক্তার। মানববন্ধন থেকে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে চবিসাস সভাপতি মাহবুব এ রহমান বলেন, চবিতে সাংবাদিকদের উপর ছাত্রলীগের হামলার ঘটনা নতুন নয়। বিচারহীনতার সংস্কৃতি তৈরি হওয়ায় ছাত্রলীগ দিনে দিনে আরও বর্বর হয়ে উঠছে। একজন কিডনি রোগীর ওপর এমন বর্বরোচিত হামলার বিচার ২৪ ঘণ্টার মধ্যে নিশ্চিত না করলে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে। চবিসাস সাধারণ সম্পাদক ইমাম ইমু বলেন, চাকসুর অবর্তমানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকরা শিক্ষার্থীদের মুখপাত্র হিসেবে কাজ করছে। সেই সাংবাদিকরাই যদি ক্যাম্পাসে অনিরাপদ হয়, তাহলে এ বিশ্ববিদ্যালয়ে কেউই নিরাপদ নয়। এর আগেও সাংবাদিক মারজান আক্তারের উপর হামলার ঘটনায় বিচার নিশ্চিত করতে পারেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। এটা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের জন্য লজ্জাজনক। তিনি আরও বলেন, সাংবাদিক দোস্ত মোহাম্মদ একজন মুক্তিযোদ্ধার সন্তান। যারা দেশের জন্য জীবন বাজি রেখে যুদ্ধ করেছে, আজ তাদের সন্তানরাই বিশ্ববিদ্যালয়ে নিরাপদ না। তাই সাংবাদিকদের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে। মানববন্ধন শেষে চবি উপাচার্য অধ্যাপক ড. শিরীণ আখতার বলেন, আমার শিক্ষার্থীর উপর হামলা হয়েছে। আমি এর বিচার করবোই। দ্রুত সময়ের মধ্যে ব্যবস্থা নিবো। বিশ্ববিদ্যালয় প্রক্টর অথবা নিরাপত্তা প্রধান বাদী হয়ে মামলা করবেন। এবং জড়িতদের স্থায়ী বহিষ্কার করা হবে। এর আগে ১৯ জুন রাতে চবিসাসের সদস্য সাংবাদিক দোস্ত মোহাম্মদের উপর ছাত্রলীগের নেতাকর্মীরা বর্বরোচিত হামলা হত্যাচেষ্টার ঘটনায় দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে বিবৃতি দিয়েছে চবিসাস। গতকাল মঙ্গলবার এক যৌথ বিবৃতিতে চবিসাস সভাপতি মাহবুব এ রহমান ও সাধারণ সম্পাদক ইমাম ইমু এ ঘটনার দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। অভিযুক্তরা হলেন- শাখা ছাত্রলীগের আইন বিষয়ক সম্পাদক খালেদ মাসুদ ও উপ দপ্তর সম্পাদক আরাফাত রায়হানসহ ১০-১২ জন ছাত্রলীগ কর্মী। অভিযুক্ত চবি ছাত্রলীগের আইন বিষয়ক সম্পাদক ও আইন বিভাগের ২০১৭-১৮ সেশনের শিক্ষার্থী খালেদ মাসুদ এর আগে ২০২১ সালেও শৃঙ্খলা ভঙ্গের ছয় মাসের জন্য বহিষ্কার হয়েছিলেন। মানববন্ধন শেষে বিশ্ববিদ্যালয় উপাচার্য বরাবর স্মারকলিপি ও প্রক্টর বরাবর লিখিত অভিযোগ দিয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি।

## বাংলাদেশের বিভিন্ন খাতে

ফলক। ভিয়েতনামের আর্থ-সামাজিক উন্নয়নের প্রশংসা করে রাষ্ট্রপতি বাংলাদেশ থেকে ওষুধ, তৈরি পোশাক, চামড়া ও সিরামিকসহ বিশ্বমানের পণ্য আমদানি করারও আহ্বান জানান।

সাক্ষাৎকালে ভিয়েতনামের নতুন রাষ্ট্রদূত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের প্রশংসা করেন।

রাষ্ট্রদূত জানান, বাংলাদেশের সাথে বাণিজ্য বিনিয়োগ বাড়াতে তার দেশ আগ্রহী।

রাষ্ট্রদূত দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

এরআগে বঙ্গভবনে পৌঁছলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের একটি চৌকস অশ্বারোহী দল ভিয়েতনামের রাষ্ট্রদূতকে গার্ড অব অনার প্রদান করে।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম এবং সচিব সংযুক্ত মো. ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।

# নাইকো দুর্নীতি মামলায় সাক্ষ্যগ্রহণ ২৫ জুলাই

**নিজস্ব প্রতিবেদক :** আলোচিত নাইকো দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ আটজনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের (দুদক) তৎকালীন সহকারী পরিচালক মুহাম্মদ মাহবুবুল আলমের সাক্ষ্যগ্রহণ অব্যাহত রয়েছে। গতকাল মঙ্গলবার কেরানীগঞ্জে ঢাকা কেন্দ্রীয় কারাগারে অবস্থিত ঢাকার ৯ নম্বর (অস্থায়ী) বিশেষ জজ আদালতের বিচারক শেখ হাফিজুর রহমানের আদালতে দ্বিতীয় দিনের মতো তিনি সাক্ষ্য দেন। এদিন তার সাক্ষ্য শেষ না হওয়ায় আগামী ২৫ জুলাই পরবর্তী দিন ধার্য করেন। এ মামলায় ২৩ মে মামলার বাদী আদালতে সাক্ষ্য দেন। এর মধ্যে দিয়ে মামলার সাক্ষ্যগ্রহণ শুরু হয়। খালেদা জিয়ার আইনজীবী জিয়া উদ্দিন জিয়া বিষয়টি নিশ্চিত করেছেন। ২০০৭ সালের ৯ ডিসেম্বর দুর্নীতি দমন কমিশনের (দুদক) তৎকালীন সহকারী পরিচালক মুহাম্মদ মাহবুবুল আলম তেজগাঁও থানায় খালেদা জিয়াসহ পাঁচজনের বিরুদ্ধে মামলা করেন।



# গাংনীতে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয় সেমিনার ও শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুর ১২টার দিকে জেলার গাংনী উপজেলার বাঁশবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে সেমিনার ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় এর আয়োজন করে শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা। এতে সভাপতিত্ব করেন বাঁশবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলীমুজ্জামান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী অফিসার মহিবুল আলম ওহিদ, গাংনী প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা: নাজমুন্নাহার, বাঁশবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক আ,ন,ম বজলুর রশীদ প্রমুখ।



# গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদায়ী সংবর্ধনা

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসারকে বাঁশবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে। মঙ্গলবার দুপুরে বিদ্যালয়ের সম্মেলন কক্ষে ফুলের তোড়া ও উপহার সামগ্রী প্রদানের মাধ্যমে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলীমুজ্জামান। প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার। এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।



# গাংনীতে কৃষকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার জালশুকা গ্রামে আলতাব হোসেন (৫০) নামের এক কৃষকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। সোমবার দিবাগত সন্ধ্যারাতে নিজ ঘরের আড়ায় গলায় রশি পেঁচানো মরদেহ উদ্ধার করে গাংনী থানা পুলিশের একটিদল। কৃষক আলতাব জালশুকা গ্রামের বালিয়াপাড়ার আলী হোসেনের ছেলে। স্থানীয়রা জানান, আলতাব হোসেনের স্ত্রী চুয়াডাঙ্গার এক আত্মীয়ের বাড়ি বেড়াতে গিয়েছিলেন। সন্ধ্যায় বাড়ি ফিরে এসে দেখেন ঘরের আড়ার সাথে স্বামী আলতাবের মরদেহ ঝুলছে। কি কারণে স্বামী আত্মহত্যা করেছেন তা বলতে পারছেন না স্ত্রী জেসমিন খাতুন। তবে এলাকার একাধিক মানুষ জানান, স্ত্রীর পরকীয়ার কারণে অভিমানে আলতাব আত্মহত্যা করেছেন বলে ধারণা করা হচ্ছে।

# দর্শক এখন ওটিটিতেই মত্ত

**বিনোদন ডেস্ক :** সময়ের পালা বদলে বিবর্তন ঘটেছে বিনোদন দুনিয়ায়। এখন শুধু টেলিভিশনের সামনে কিংবা সিনেমা হলে বসে নাটক-সিনেমা দেখা নয়, হাতের মুঠোয় চলে এসেছে বিনোদনের নানা মাধ্যম। এর মধ্যে অন্যতম ওটিটি প্ল্যাটফর্মগুলো প্রকাশ করছে বেশ কিছু ওয়েবসরিজ ও সিনেমা। এসব কনটেন্টে অভিনয় করেছেন দেশের নন্দিত অভিনয়শিল্পীরা। টেলিভিশন-সিনেমা হলের দর্শক এখন ওটিটিতেই মত্ত। দিনকে দিন জনপ্রিয়তা বাড়ছে এর। বাংলাদেশে এখন এমন স্ট্রিমিং প্ল্যাটফর্মের সংখ্যা ১১টি। এগুলো হলো চরকি, বঙ্গ বিডি, বিঞ্জ, বায়োস্কোপ, সিনেম্যাটিক, আই স্ক্রিন, দীপ্ত প্লে, বাংলাফ্লিক্স, টফি, টেলিফ্লিক্স এবং সিনেস্পট। এ ছাড়া বাংলাদেশে এখন দেখা যাচ্ছে নেটফ্লিক্স, অ্যামাজন প্রাইম ভিডিও, হইচই, আড্ডা টাইমস, ডিজনি প্লাস হটস্টার প্রভৃতি বিদেশি ওটিটি। সারা বছর তো বটেই ঈদের আয়োজনেও সরব থাকে এসব অনলাইন প্ল্যাটফর্ম। তারই ধারাবাহিকতায় গত রোজার ঈদের মতো আসছে কোরবানির ঈদের দর্শক মাতাবে ওটিটি। এরইমধ্যে বেশ কিছু ওটিটি প্ল্যাটফর্ম ঈদ আয়োজনের সিরিজ ও ওয়েব ছবির প্রচারণাও শুরু করে দিয়েছে। তারকাদের কেউ কেউ তাদের অভিনীত কাজগুলো সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রকাশ করছে। আসছে ঈদে ওটিটি প্ল্যাটফর্ম আই স্ক্রিনে মুক্তি পাবে অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা ও শরিফুল রাজের 'রক্তজবা'। তিশা বলেন, 'সিনেমাটি প্রেক্ষাগৃহে মুক্তির কথা থাকলেও আসছে ঈদে ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পাচ্ছে। ওটিটি এখন বিনোদনের অন্যতম মাধ্যম।

# মহা বিপদের মুখে বিশ্ব



*আন্তর্জাতিক ডেস্ক :* জলবায়ু পরিবর্তনের কারণে পৃথিবীর রূপ বদলে গেছে। কোথায় স্বস্তি নেই। আবহাওয়ার এই পরিবর্তনকে বড় বিপদ মনে করছেন বিজ্ঞানীরা। তাদের ধারণা যেভাবে ধারাবাহিকভাবে বিশ্বজুড়ে ভূমিকম্পন শুরু হয়েছে তাতে বিশ্বের সামনে বড় মানে মহাবিপদ অপেক্ষা করছে। বিশ্বের বড় বড় আগ্নিগিরি গুলো উত্তপ্ত হয়ে উঠছে অন্যদিকে বরফ গড়ে মিশে যাচ্ছে সমুদ্রের। এতে কমে যাচ্ছে সমতল ভূমি। এদিকে বৈশ্বিক উষ্ণায়নের কারণে হিমবাহ গলে যাওয়ায় হিমালয়ের হিন্দুকুশ পর্বতমালা চলতি শতাব্দির শেষের দিকে তাদের মোট আয়তনের ৭৫ শতাংশ পর্যন্ত হারাতে পারে। এর ফলে এই বিস্তীর্ণ পাহাড়ি অঞ্চল ও এর ওপর নির্ভরশীল আশেপাশের দেশগুলোর ২৪ কোটি মানুষ বিপজ্জনক বন্যা এবং পানি ঘাটতির মুখে পড়তে পারে। এবং এর পাশাপাশি মহা বিপদের মুখে পুরো বিশ্ব। এই অঞ্চলের আন্তঃসরকারি বৈজ্ঞানিক কর্তৃপক্ষ কাঠমান্ডু ভিত্তিক ইন্টারন্যাশনাল সেন্টার ফর ইন্টিগ্রেটেড মাউন্টেন ডেভেলপমেন্ট তাদের মূল্যায়নে এ তথ্য জানিয়েছে। মূল্যায়ন অনুসারে, এভারেস্ট এবং কে-টু এর মতো বিখ্যাত পর্বতগুলোর চূড়ার বরফের ক্ষয় দ্রুততর হচ্ছে। ২০১০ এর দশকে হিমবাহগুলো আগের দশকের তুলনায় ৬৫ শতাংশ বেশি দ্রুত গলেছিল। প্রতিবেদনের প্রধান লেখক ছিলেন এবং পরিবেশ বিজ্ঞানী ফিলিপাস ওয়েস্টার বলেন, 'আমরা হিমবাহগুলি হারাচ্ছি, এবং আমরা ১০০ বছরের মধ্যে সেগুলি হারাচ্ছি।' হিন্দুকুশ হিমালয় অঞ্চল আফগানিস্তান, বাংলাদেশ, ভুটান, চীন, ভারত ,মিয়ানমার, নেপাল এবং পাকিস্তানের তিন হাজার ৫০০ কিলোমিটার পর্যন্ত প্রসারিত। প্রতিবেদনে বলা হয়েছে, প্রাক শিল্পযুগের ১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি তাপমাত্রা সমগ্র অঞ্চলজুড়ে হিমবাহগুলো ২১০০ সালের মধ্যে তাদের আয়তনের ৩০ থেকে ৫০ শতাংশ হারাবে। কিন্তু হিমবাহ কোথায় গলবে তা নির্ভর করে অবস্থানের উপর। ৩ ডিগ্রি সেলসিয়াস উষ্ণায়নে - বর্তমান জলবায়ু নীতির অধীনে বিশ্ব মোটামুটি যে পথে রয়েছে -পূর্ব হিমালয়ের হিমবাহ, যার মধ্যে নেপাল এবং ভুটান রয়েছে, তাদের ৭৫ শতাংশ পর্যন্ত বরফ হারাবে। ৪ ডিগ্রি সেলসিয়াস উষ্ণতায় ৮০ শতাংশ পর্যন্ত বরফ গলবে। এমনকি যদি বৈশ্বিক উষ্ণতা প্যারিস জলবায়ু চুক্তিতে সম্মত প্রাক শিল্প স্তর থেকে ১ দশমিক ৫ থেকে ২ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ থাকে, তাহলে ২১০০ সালের মধ্যে হিমবাহগুলি তাদের আয়তনের এক তৃতীয়াংশ থেকে অর্ধেক পর্যন্ত হারাবে বলে আশঙ্কা করা হচ্ছে। ওয়েস্টার বলেছেন, 'এটি জরুরী জলবায়ু পদক্ষেপের প্রয়োজনীয়তার উপর জোর দিচ্ছে।

# বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহর সিঙ্গাপুর

**আন্তর্জাতিক ডেস্ক :** হংকং, লন্ডন ও নিউইয়র্ককে পেছনে ফেলে সিঙ্গাপুর প্রথমবারের মতো বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহরের তালিকার শীর্ষে নাম লিখিয়েছে। গতকাল মঙ্গলবার জুলিয়াস বেয়ারের গ্লোবাল ওয়েলথ অ্যান্ড লাইফস্টাইল প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদন অনুসারে, সিঙ্গাপুরে গাড়ি ও অপরিহার্য স্বাস্থ্য বীমা বিশ্বব্যাপী গড়ের তুলনায় ১৩৩ শতাংশ এবং ১০৯ শতাংশ বেশি। ১২টি ভোগ্যপণ্য এবং আটটি পরিষেবায় ব্যয়ের মাত্রাও অনেক বেশি। রাজনৈতিকভাবে স্থিতিশীল এবং করবান্ধব সিঙ্গাপুর ছিল এশিয়ার শহরগুলোর মধ্যে প্রথম শহর যেটি বিশ্বের অন্যান্য অঞ্চলের তুলনায় প্রথম মহামারির বিধিনিষেধ উল্লেখযোগ্যভাবে সহজ করে। এর বদৌলতে মহামারির পর সম্পদের স্রোত দেখতে শুরু করেছে নগর রাষ্ট্রটি।প্রতিবেদনে বলা হয়েছে, সিঙ্গাপুরে আবাসনের চাহিদা বেশি, স্কুলগুলোর মান অনেক উচ্চ এবং সিঙ্গাপুরে প্রত্যেকের জীবনযাত্রার সাধারণ খরচ বেশি।



# ১৬ দিনে ২৬৩ হামলা চালিয়েছে ইউক্রেন: রাশিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** বিগত ১৬ দিনে রাশিয়ার ২৬৩ স্থাপনায় আক্রমণ চালিয়েছে ইউক্রেনীয় বাহিনী। গত মঙ্গলবার রুশ প্রতিরক্ষা মন্ত্রী সের্গেই শোইগু এই তথ্য জানিয়েছেন। দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থা তাসে এ খবর প্রকাশ হয়েছে বলে জানায় কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা। রুশ প্রতিরক্ষা মন্ত্রী বলেন, কিয়েভ রাশিয়ার ইয়োজনো, জাপোরিজঝিয়া এবং দোনেৎস্কে লক্ষ্য করে হামলার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। পশ্চিমা সামরিক জোট ন্যাটো প্রশিক্ষিত এলিট সদস্যরা এই হামলায় জড়িত। তিনি আরও জানান, ইউক্রেন দূরপাল্লার হিমারস ও স্টর্ম শ্যাডো ক্ষেপণাস্ত্র দিয়ে ক্রিমিয়া আক্রমণ করার পরিকল্পনা করছে।

এসব ক্ষেপণাস্ত্র ব্যবহার করার অর্থ হবে সংঘাতে যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যের সম্পূর্ণ সম্পৃক্ততা। এ সময় রাশিয়া এসবের প্রতিশোধ নিবে বলেও মন্তব্য করেন রুশ প্রতিরক্ষা মন্ত্রী সের্গেই শোইগু। এছাড়া দোনেৎস্কে রকেট হামলায় ২০ জন বেসামরিক নাগরিক আহত হয়েছে বলে জানায় দেশটি। চলতি মাসের শুরুতে রুশ বাহিনীর বিরুদ্ধে পাল্টা আক্রমণে আজভ সাগর উপকূল বরাবর অংশে আটটি গ্রাম মুক্ত করার দাবি করেছে ইউক্রেন। এদিকে ইউক্রেনীয় ব্যাটালিয়নে যুদ্ধের জন্য একজনকে সাজা দিয়েছে রাশিয়ার আদালত।

# আটলান্টিক মহাসাগরে পাঁচ পর্যটক নিখোঁজ

**আন্তর্জাতিক ডেস্ক :** সাবমেরিনে করে বিশ্ব বিখ্যাত টাইটানিক জাহাজের ধ্বংসাবশেষ দেখতে আটলান্টিক মহাসাগরের সাড়ে ১২ হাজার ফুট গভীরে গিয়ে নিখোঁজ হয়েছেন পাঁচ পর্যটক। হারিয়ে যাওয়া ডুবোযানে জাহাজের নাম টাইটান সাবমার্সিবল। টাইটানে ৮ দিনের এই ভ্রমণের জন্য জন প্রতি গুনতে হয়েছে প্রায় ২ কোটি ৭০ লাখ ৬০ হাজার টাকা। ডুবোযানে কারা কারা ছিলেন তা উঠে এসেছে বিবিসি নিউজ ও সিএনএনের প্রতিবেদনে। বার্তাসংস্থা সিএনএন জানায়, টাইটান সাবমার্সিবল'নামক হারিয়ে যাওয়া ডুবোজাহাজটি অনেকটা ট্রাক আকৃতির।

# নিউজিল্যান্ডের তিনটি রেস্তোরাঁয় কুড়াল হামলা

**আন্তর্জাতিক ডেস্ক :** নিউজিল্যান্ডের বৃহত্তম শহর অকল্যান্ডে তিনটি চাইনিজ রেস্তোরাঁয় কুড়াল নিয়ে হামলা চালিয়েছে এক ব্যক্তি। এ ঘটনায় কমপক্ষে চার জন আহত হয়েছে। স্থানীয় সময় গত সোমবার রাত ৯টার দিকে এ হামলার ঘটনা ঘটে। গতকাল মঙ্গলবার কাতার ভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। নর্থ শোর এবং অকল্যান্ড হাসপাতালের মুখপাত্র বলেছেন, আহতদের মধ্যে তিন জনের অবস্থা স্থিতিশীল। তারা হাসপাতালে চিকিৎসাধীন। তবে চতুর্থ জনকে ছেড়ে দেয়া হয়েছে। স্থানীয় মিডিয়া জানিয়েছে, হামলাকারী গত সোমবার রাতে তিনটি চাইনিজ রেস্তোরাঁ- ঝাংলিয়াং মালাটাং, ইউ্রস ডাম্পলিং কিচেন ও মায়া হটপটে প্রবেশ করে এবং এলোপাথারিভাবে কুড়াল চালিয়ে মানুষের ওপর আক্রমণ শুরু করে। পুলিশ বলেছে, ২৪ বছর বয়সী এক সন্দেহভাজনকে ঘটনাস্থল থেকে গ্রেপ্তার করা হয়েছে। ওই চীনা নাগরিক মঙ্গলবার আদালতে সংক্ষিপ্ত হাজিরাও দিয়েছেন।

# খাদ্যসঙ্কটে উত্তর কোরিয়া

*আন্তর্জাতিক ডেস্ক :* সারাবিশ্বে ২০২০ সালে থাবা বসিয়েছিল করোনাভাইরাস। মহামারির গ্রাসে এক ধাক্কায় পৃথিবী থেকে মুছে গিয়েছে বহু প্রাণ। তছনছ হয়ে গেছে স্বাভাবিক জনজীবন। কোভিডের মোকাবিলা করতে বিভিন্ন দেশ বিভিন্ন রকম সতর্কতামূলক পদক্ষেপ করেছিল। দেশের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে সাময়িকভাবে বন্ধ করা হয়েছিল পরিবহন ব্যবস্থা। তবে ওই সবই এখন অতীত। বর্তমানে করোনার প্রকোপ থেকে মুক্ত বিশ্ব। ভাইরাস হয়ত নির্মূল হয়ে যায়নি। তবে সংক্রমিতের সংখ্যা কমেছে। কমেছে করোনায় মৃত্যুর পরিমাণও। দেশে দেশে ছন্দে ফিরেছে স্বাভাবিক জীবন। পৃথিবীর প্রায় সব দেশেই করোনার বিধিনিষেধ তুলে নেয়া হয়েছে। স্বাভাবিক করা হয়েছে যোগাযোগ এবং পরিবহণ ব্যবস্থা। কিন্তু একটি দেশ এখনো ২০২০ সালেই থমকে রয়েছে। তার নাম উত্তর কোরিয়া। করোনা মহামারির শুরুতে উত্তর কোরিয়ার দ্বার রুদ্ধ করে দিয়েছিলেন একনায়ক কিম জং উন। চীন সীমান্ত-সংলগ্ন দেশটি ওই সময় থেকে বাকি বিশ্ব থেকে বিচ্ছিন্ন। এখন পর্যন্ত নিজের দেশকে রুদ্ধই করে রেখেছেন কিম। করোনাভাইরাস যেন বাণিজ্যিক পণ্যের মাধ্যমে দেশের অভ্যন্তরে প্রবেশ করতে না পারে, তাই উত্তর কোরিয়ার সীমান্ত 'সিল' করে দিয়েছিলেন কিম। এতে চীনের সাথেও পণ্যের আদান-প্রদান বন্ধ হয়ে যায়। উত্তর কোরিয়ার বাণিজ্যিক পণ্যের একটি বড় অংশই আসে চীন থেকে। খাদ্যশস্য ও কৃষিকাজের প্রয়োজনীয় যন্ত্রপাতিও চীন থেকে দেশটিতে আমদানি করা হয়।





# ব্রাজিলে আলিয়াসহ এক ঝাঁক তারকা সন্তান

*বিনোদন ডেস্ক :* হলিউডে পা রাখতে চলেছেন বলিউড অভিনেত্রী আলিয়া ভাট। সম্প্রতি মুক্তি পেয়েছে হলিউড সিনেমা 'হার্ট অফ স্টোন' এর টিজার। সে জন্য আলিয়া আবস্থান করছেন ব্রাজিলে। অন্য দিকে, জোয়া আখতারের 'দি আর্চিজ' সিরিজরও টিজার লঞ্চ করল 'দি আর্চিজ'-এর পুরো টিম। আর এই সিরিজে অভিষেক হতে চলেছে বলিউডের এক ঝাঁক তারকা সন্তান। সে উপলক্ষেই শাহরুখ কন্যা সুহানা খান সহ বনি কাপূরের মেয়ে ও জাহ্নবী কাপূরের বোন খুশি কাপূর, অমিতাভ বচ্চনের নাতি অগস্ত্য নন্দারাও ব্রাজিলে আছেন। সেখানেই এক অনুষ্ঠানে তাদের সবার সঙ্গে এক ফ্রেমে ধরা দিলেন আলিয়া ভাট। সামাজিক যোগাযোগ মাধ্যমে সেই ছবি ভাইরাল হতেই তারকা সন্তানদের নিয়ে শুরু হয়েছে কটাক্ষ। এনডিটিভির প্রতিবেদন অনুযায়ী, দ্য আর্চিস গ্যাং-এর সাথে আলিয়া ভাটের তোলা ছবি সোশ্যাল মিডিয়ায় ঝড় তুলেছে। নেটফ্লিক্স ইন্ডিয়ার শেয়ার করা সে ছবি দেখে অনেকে কটাক্ষ করে মন্তব্য করেছেন 'ছবিতে তো তারকা সন্তান ছাড়া অন্য কাউকে আর দেখতেই পাওয়া যাচ্ছে না।' ছবিতে, সবুজ গাউন পরা আলিয়া, জোয়া আখতার, সুহ-ানা, খুশি কাপুর এবং অগস্ত্য নন্দার সাথে ঝলমলে হাসিতে দেখা যায়।

# ভীষণ ব্যস্ত সময় কাটাচ্ছি : নিপুণ

*বিনোদন ডেস্ক :* 'আমি আগেও বলেছি, শিল্পী সমিতি থেকে আমার নেবার কিছু নেই। তাই এই দায়িত্ব পালনের পাশাপাশি আমি আমার নিজের কাজে ভীষণ ব্যস্ত সময় কাটাচ্ছি। এরই ভেতরে দুটি সিনেমার কাজ শেষ করলাম। পাশাপাশি একটি টিভিসিও শেষ হলো সম্প্রতি। একজন শিল্পী হিসেবে আমার কাজ হলো অনস্ক্রীনে নিজের কাজটি করে যাওয়া। সেটিই আমি করে যাচ্ছি। এর মাঝে কে কি বললো তা নিয়ে মাথা ব্যাথা করাতে চাই না।' কাজের ব্যস্ততা জানাতে গিয়ে কথাগুলো বললেন চিত্রনায়িকা নিপুণ আক্তার। অতি সম্প্রতি কান উৎসবে বাংলাদেশী স্টল ও তার প্রতিনিধিত্ব করার জন্য জায়েদখানসহ একটি টীম যাবার কথা ছিল। কিন্তু ভিসা অনুমোদন না হওয়ায় শিল্পী প্রতিনিধিদের কেউই যেতে পারেননি। সেই প্রতিনিধি দলে নিপুণ কেন ছিলেন না এমন প্রশ্নে নিপুণ বলেন, 'প্রথমত সেই টীমে জায়েদ খানকে রাখাটা আমাকে বিস্মিত করেছে। মূলত একারনেই আমি যাইনি। আর আমি না হয় না গেলাম। কিন্তু এদেশে সিনিয়র অভিনয় শিল্পীরা আছেন অনেকেই, তাদের কাউকে কেন বলা হলো না? আমার মতে এই বিষয়গুলো নিয়ে আমাদের সকলেরই বিবেচনা করা উচিত যে, আরো ভাবা উচিত। আমরা কোথায় কখন কাকে রিপ্রেজেন্ট করছি।' উল্লেখ্য, সম্প্রতি নিপুণ একান্ত পারিবারিক ভ্রমণে মালদ্বীপ ঘুরে এলেন। কিন্তু এই ভ্রমণের কিছু ছবি নিয়েও আপত্তিকর ভাবে ট্রল হয়েছেন নিপণ। নিপুণ বলেন, আমাদের রুচি ও ভাবনার বদল হওয়া প্রয়োজন। আমরা যারা শোবিজে কাজ করি। তারা ভ্যাকেশনে একটি ভাল জায়গায় সময় কাটতে পারবো না, এটা কেমন কথা? প্রথমত আমি আমার মেয়েকে নিয়ে গিয়েছিলাম সেখানে। এটা আমার একান্ত ফ্যামিলি ভ্যাকেশন। কিন্তু এ নিয়েও তির্যক কথা শুনতে হয় আমাদের। বিভি-ন্ন সোস্যাল মিডিয়ার কুটতর্কে আমরা সেলিব্রিটিদের ইমেজ এমন এক জায়গায় নিয়ে গিয়েছি, যা খুবই আপত্তিজনক। অথচ আমাদের শোবিজের অধিকাংশ শিক্ষিত মার্জিত ও ভাল পরিবার থেকেই এসেছে। আজ আমাদের একজন আলমগীর, একজন ফারুক, একজন সোহেল রানার পরিবার, তাদের শিক্ষা, স্ট্যাটাস কার থেকে কম, বলুন? তাই আমরা শিল্পীদের সম্মান দিতে শিখি। পাশাপাশি নিজেরাও নিজেদের আর ছোট না করি।' নাগরিক টিভির ঈদ অনুষ্ঠান তারায় তারায় অনুষ্ঠানে সৈকত সালাউদ্দিনের উপস্থাপনায় একটি প্রশ্নের জবাবে নিপুণ বললেন, আমার ক্যারিয়ারে শাকিবের সাথে আরো অনেকগুলো ছবি হবার কথা ছিল। কিন্তু শাকিব-অপু সম্পর্কের কারণে হয়নি। এমন প্রসঙ্গে নিপুণ বলেন, এমনও হয়েছে। ছবির গল্প, আমার চরিত্র বুঝিয়ে দিয়ে গেছে। এমনকি আমার অ্যাডভান্স পেমেন্টও করে গেছেন প্রডিউসার। কিন্তু সেটা অপু বিশ্বাস করেছে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী (সওজ) এর কার্যালয়
সড়ক বিভাগ,ঝিনাইদহ
ফোনঃ ০২৪৭৭৪৭১১০
E-mail : eejhe@rhd.gov.bd

স্মারক নং- ৫৭৫ তারিখঃ ২০/৬/২৩

**নিয়োগ প্রক্রিয়া স্থগিতকরণ**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ সড়ক বিভাগের অফিস কম্পাউন্ডে অবস্থিত ঝিনাইদহ সড়ক ও জনপথ জামে মসজিদের খতীব নিয়োগ প্রক্রিয়া অনিবার্য কারণবশতঃ স্থগিত করা হলো।

20.6.2023
(মোহাম্মদ আনোয়ার পারভেজ)
পরিচিতি নং-৬০২২৭৮
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ
সড়ক বিভাগ, ঝিনাইদহ।



# ফারহানের সঙ্গে নিহার 'সুইট প্রবলেম'

*বিনোদন ডেস্ক :* ছোট পর্দার অভিনেত্রী নাজনীন নাহার নিহা স্নিগ্ধ হাসিতে আলো ছড়াচ্ছেন। অভিনয়ে এসেছেন খুব বেশি দিন হয়নি। ঈদুল আজহায় মুশফিক আর ফারহানের সঙ্গে 'সুইট প্রবলেম' নিয়ে হাজির হবেন নিহা। এক বাউণ্ডুলে প্রেমিকের গল্প নিয়ে তৈরি ঈদের বিশেষ নাটক 'সুইট প্রবলেম' নির্মাণ করেছেন মাহমুদুর রহমান হিমি। সিএমভি'র ব্যানারে নির্মিত নাটকটির চিত্রনাট্য লিখেছেন সাজ্জাদ স্বপন। নাটকের গল্পে ফারহান অভিনয় করেছেন বাবা-মায়ের একমাত্র আদরের সন্তান জারিফের চরিত্রে। অন্যদিকে যৌথ পরিবারের আদরের মেয়ে মাইশা চরিত্রে দেখা যাবে নিহাকে। নাটকটি সম্পর্কে নির্মাতা হিমি জানান, 'এটি পুরোটাই রোমান্টিক ঘরানার একটি গল্প। যেখানে প্রেমিকের পাগলামি আর প্রেমিকার সিরিয়াসনেস তুলে ধরার চেষ্টা করেছি। আশা করছি দর্শকরা মুগ্ধ হবেন।' প্রযোজক এসকে সাহেদ আলী পাপ্পু জানান, আসছে ঈদে সিএমভি'র ইউটিউব চ্যানেলে প্রচারিত হবে নাটকটি।

ফারহানের সঙ্গে কাজের অভিজ্ঞতা নিয়ে নিহা বলেন, 'দর্শকদের ভালোবাসায় নতুন আরেকটি কাজ করলাম।

# আমাদের শেহজাদকে অপমান করবেন না, শাকিবকে বুবলী

*বিনোদন ডেস্ক :* ঢালিউড সুপারস্টার শাকিব খান আর চিত্রনায়িকা শবনম বুবলীর বৈবাহিক সম্পর্ক ঠিক কোন পর্যায়ে রয়েছে, তা অস্পষ্ট। তবে ভাঙনের সুর স্পষ্ট। গত কয়েক মাস ধরেই বৈবাহিক সম্পর্কের অবস্থা নিয়ে দুজন পাল্টাপাল্টি মন্তব্য করে আসছেন। একদিকে শাকিব দাবি করেছেন ব্যক্তিগত-পেশাগত দুই ক্ষেত্রেই বুবলী তার জীবনে অতীত। অন্যদিকে, বুবলী নিজেকে শাকিবের ঘনিষ্ঠ হিসেবে প্রমাণের চেষ্টা জারি রেখেছেন। তবে কার কোন বক্তব্য আর অবস্থান যে সত্যি, সেটি নিয়ে এখনও ধোঁয়াশা থেকেই গেছে। আসন্ন ঈদ-উল-আজহায় শাকিব খান অভিনীত "প্রিয়তমা" সিনেমাটি মুক্তি পাবে। ইতোমধ্যেই সিনেমাটির ৩০ সেকেন্ডের ফার্স্ট লুক টিজারটি প্রকাশ্যে এসেছে, যার পুরোটাই শাকিবময়। এ সিনেমার শুটিংয়ের ফাঁকে কয়েকদিন আগে অভিনেতা-সঞ্চালক শাহরিয়ার নাজিম জয়ের ভিডিও কন্টেন্টে শাকিব খান হাজির হয়ে বিভিন্ন বিষয়ে কথা বলেছেন। সেই ধারাবাহিকতায় এবার জয়ের কন্টেন্টে উপস্থিত হয়েছেন শবনম বুবলীও। বিভিন্ন বিষয়ে আলাপ শেষে শাকিব খানের প্রসঙ্গও উঠে আসে। সেই অংশটুকু সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক পেজে প্রকাশ করেছেন উপস্থাপক শাহরিয়ার নাজিম জয়। সেখানে কাঁদতে কাঁদতে শাকিবের উদ্দেশে বুবলীকে বলতে দেখা যায়, "আপনার কাছে অনুরোধ করছি, আপনি আর কোনো মিথ্যা অপপ্রচার করে, ব্লেইম-গেম করে আমাদের শেহজাদকে অপমান করবেন না। আপনার প্রতি আমার আর কিছু বলার নেই।" এ চিত্রনায়িকা আরও বলেন, "আপনি আমার কাছে অনেক আগেই অপরিচিত হয়ে গেছেন। তারপরও আমি চেষ্টা করেছি, সব কিছু ঠিক করার। কিন্তু কিছুই হয়নি। আমি চাই আপনি নিজের মতো ভালো থাকুন। তবে আমাকে আর আমার সন্তানকে সুস্থভাবে বাঁচতে দিন।" অশ্রুসজল চোখে বুবলী বলেন, "এত অপরিচিত হয়ে গেলেন আপনি! আমাকে খুব ভালো করে চেনেন আপনি। কেন এগুলো করছেন, আমি জানি না। আপনার যদি কোনো সিদ্ধান্ত থাকে, সেটা নিজের মতো করে নিন। কোনো অসম্মান নিয়ে আমি কিছু কন্টিনিউ করতে চাই না।" তিনি আরও বলেন, আপনি সবসময় বলেন, "শেহজাদের মা কিংবা আপনার স্ত্রীকে সম্মান করেন। কিন্তু সেটা তো নিজের কাজ দিয়ে প্রমাণ করবেন।

